# 17th AGM ANNUAL REPORT 2025-2026









সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

**SUNDARBAN GAS COMPANY LIMITED**

(A Company of Petrobangla)




**SUNDARBAN GAS COMPANY LIMITED**

(A Company of Petrobangla)

*With the Compliments of*
*the Board of Directors*
*Sundarban Gas Company Limited*




সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

**SUNDARBAN GAS COMPANY LIMITED**

(A Company of Petrobangla)

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

# Company Profile

| | | |
|---|---|---|
| Name of The Company | : | Sundarban Gas Company Limited |
| Date of Registration | : | 23 November 2009 |
| Company's Status | : | Public Limited Company |
| Registered Office | : | Khulna |
| Head Office | : | Abir Tower, 218, M. A. Bari Sarak, Sonadanga, Khulna |
| Dhaka Liaison Office | : | Petrocenter (13th Floor), 3, Kawran Bazar C/A, Dhaka-1215 |
| Supervisory Organization | : | Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) |
| Administrative Ministry | : | Ministry of Power, Energy and Mineral Resources |
| Authorized Capital | : | Tk. 300.00 Crore |
| Paid up Capital | : | Tk. 100.00 Crore |
| Total Number of Shares Issued | : | 1.00 Crore |
| Franchise Area | : | Khulna & Barishal Divisions and Part of Dhaka Division (Faridpur, Gopalganj, Madaripur, Shariatpur, Rajbari District) |
| First Annual General Meeting | : | 20 May' 2011 |
| Total Manpower | : | Approved: 522 (Officer: 217, Staff: 305)<br>Present Manpower: 115 (Officer: 100, Regular Staff: 15)<br>Outsourcing Staff: 147, Temporary Staff: 10 |
| Company's Website Address | : | www.sgcl.gov.bd |
| Company's E-mail Address | : | md@sgcl.gov.bd |
| Daily Gas Sales (Average) | : | 107 MMCFD |
| Total Number of Customer Connection | : | 2,394 |
| Total Volume of Gas Consumed During This Year | : | 1107.993 MMCM |
| Gas Pipeline Network | : | a. Transmission Pipe Line : 33.842 Km<br>b. Feeder Main & Service (Distribution) Line: 126.217 Km |

# CONTENTS


| | |
|---|---|
| Messages | 04-10 |
| Shareholders | 11 |
| Board of Directors | 12-13 |
| Notice of 17th Annual General Meeting | 14 |
| Report of the Board of Directors | |
| Bangla | 15-29 |
| English | 30-46 |
| Auditor's Report | 47-50 |
| Statement of Financial Position | 51 |
| Statement of Profit or Loss and Other Comprehensive Income | 52 |
| Statement of Changes in Equity | 53 |
| Statement of Cash Flows | 54 |
| Notes to the Financial Statments | 55-87 |
| Transaction with related Parties | 88 |
| Schedule of Property, plant and equipments | 89 |
| Schedule of Non-Current Assets Held for Sale | 90 |
| Schedule of RoU Assets | 91 |
| Budget Variance | 92-93 |
| Key Performance Indicator (KPI) | 94 |
| Graphs | 95-99 |
| Pictorial View | 100-104 |



**ইকবাল হাসান মাহমুদ, এমপি**
**মন্ত্রী**
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৭তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার শুভেচ্ছা ও অভিনন্দন।

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জ্বালানি নিরাপত্তার নিশ্চয়তা বিধান সর্বাগ্রে জরুরি। বর্তমান সরকার অভ্যন্তরীণ খনিজ সম্পদের সর্বোচ্চ ও দক্ষ ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি একটি আধুনিক, পরিবেশবান্ধব ও টেকসই জ্বালানি পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিশ্ববাজারের অস্থিতিশীলতার মধ্যেও দেশের অভ্যন্তরে জ্বালানি নিরাপত্তা এবং সরবরাহ স্বাভাবিক রাখতে সরকার কার্যকর ভূমিকা পালন করছে। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে বিভিন্ন শ্রেণির গ্রাহককে পরিবেশবান্ধব ও সাশ্রয়ী প্রাকৃতিক গ্যাস নিরবচ্ছিন্নভাবে সরবরাহ করার মাধ্যমে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। সরকার নবায়নযোগ্য জ্বালানির পরিধি সম্প্রসারণে অধিকতর গুরুত্ব আরোপ করেছে এবং এসজিসিএল ইতোমধ্যে জাতীয় রুফটপ সোলার কর্মসূচি-এর আওতায় ভোলা জেলায় অন-গ্রিড সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে নিজস্ব ব্যবহারের পাশাপাশি স্থানীয় গ্রিড লাইনে বিদ্যুৎ সরবরাহ করছে। শিল্পখাতে গ্যাসের চাহিদা থাকায় তৃতীয় পক্ষের দ্বারা টিউব ট্রেইলর ও মোবাইল ক্যাসকেড এর মাধ্যমে ভোলা জেলার গ্যাস ঢাকাস্থ তিতাস গ্যাসের অধিক্ষেত্রাধীন এলাকায় বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহ করা হচ্ছে। জ্বালানির ক্রমবর্ধমান চাহিদা মেটাতে এলএনজি আমদানি ও এর অবকাঠামোগত সক্ষমতা বৃদ্ধি এবং দেশীয় পর্যায়ে নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কার ও পুরোনো কূপের (ওয়ার্কওভার) উৎপাদন ক্ষমতা বৃদ্ধিসহ ভোলা জেলায় প্রাপ্ত/প্রাপ্তব্য গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। ভোলা জেলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে শিল্পায়নের অবারিত দ্বার উন্মোচনে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে বলে আশা করা যায়।

আমি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর ১৭তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

(ইকবাল হাসান মাহমুদ, এমপি)



**অনিন্দ্য ইসলাম অমিত, এমপি**
**প্রতিমন্ত্রী**
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৭তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের সার্বিক কর্মকান্ড ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার ওপর বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল শুভেচ্ছা ও অভিনন্দন।

দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন, শিল্পায়ন এবং জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে নিরবচ্ছিন্ন ও সাশ্রয়ী জ্বালানি সরবরাহ অপরিহার্য। বাংলাদেশ বর্তমানে একটি টেকসই ও পরিবেশবান্ধব জ্বালানি ব্যবস্থার দিকে এগিয়ে যাচ্ছে। অভ্যন্তরীণ খনিজ সম্পদের দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করাসহ নবায়নযোগ্য জ্বালানির পরিধি সম্প্রসারণ করে একটি টেকসই অর্থনৈতিক অবকাঠামো গড়ে তোলা বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে পরিবেশবান্ধব ও সাশ্রয়ী প্রাকৃতিক গ্যাস সরবরাহের দায়িত্বে নিয়োজিত সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এ লক্ষ্য পূরণে কাজ করে যাচ্ছে। বর্তমানে এ কোম্পানি জাতীয় রুফটপ সোলার কর্মসূচি-এর আওতায় ভোলায় অন-গ্রিড সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে নিজস্ব ব্যবহারের পাশাপাশি স্থানীয় গ্রিড লাইনে বিদ্যুৎ সরবরাহ করছে। এছাড়া, এ কোম্পানির সরবরাহকৃত গ্যাসের সিংহভাগ বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হচ্ছে, যা জাতীয় গ্রীডে যুক্ত হয়ে জ্বালানি চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। ভোলা জেলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। ভবিষ্যতে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণের মাধ্যমে বৃহত্তর বরিশাল ও খুলনা অঞ্চলের জ্বালানি চাহিদা পূরণ, শিল্পায়ন ও কাঙ্খিত অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে এসজিসিএল আরো গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে বলে করা যায়।

আমি বিশ্বাস করি, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর দক্ষ ব্যবস্থাপনা ও সেবাব্রত মানসিকতা সরকারের অগ্রযাত্রাকে আরও বেগবান করবে। আমি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-১৭তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করি এবং এর উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য প্রত্যাশা করি।

আল্লাহ হাফেজ,
বাংলাদেশ জিন্দাবাদ।

(অনিন্দ্য ইসলাম অমিত, এমপি)



**মোঃ জিয়াউল হক**
**সচিব**
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৭তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাই। এ প্রকাশনার মাধ্যমে কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের সার্বিক কর্মকান্ড সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যাবে মর্মে আশা করছি।

জনগণের উন্নত জীবনমান নিশ্চিতকরণের লক্ষ্যে শিল্প, বিদ্যুৎ ও কৃষি খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ অপরিহার্য। এ লক্ষ্যে একটি টেকসই জ্বালানি নিরাপত্তা বিনির্মাণে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। এর অংশ হিসেবে এসজিসিএল বর্তমানে ভোলা ও কুষ্টিয়ায় বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, বাণিজ্যিক ও গৃহস্থালি খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ এবং তদসংশ্লিষ্ট প্রয়োজনীয় সেবা প্রদান করছে। বর্তমানে ঢাকার শিল্পখাতে ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা মেটাতে তৃতীয় পক্ষের দ্বারা টিউব ট্রেইলার ও মোবাইল ক্যাসকেড এর মাধ্যমে সিএনজি আকারে ভোলার গ্যাস ঢাকাস্থ তিতাস গ্যাসের অধিক্ষেত্রাধীন এলাকায় সরবরাহ করা হচ্ছে। এছাড়া, খুলনার বিসিক শিল্পনগরীতে গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্যাস বিতরণ অবকাঠামো নির্মাণ পরবর্তীতে গ্যাস কমিশনিং করা হয়েছে। ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে ভবিষ্যতে দেশের জ্বালানি ঘাটতি নিরসনে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে মর্মে আশাবাদ ব্যক্ত করছি।

আমি এসজিসিএল এর ১৭তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি এবং কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে শুভেচ্ছা জানাচ্ছি।

(মোঃ জিয়াউল হক)



**মো: আব্দুল মান্নান**
**চেয়ারম্যান**
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন
(পেট্রোবাংলা)

# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৭তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে কোম্পানির ২০২৫-২৬ অর্থবছরের সার্বিক কর্মকান্ড ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার ওপর বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এসজিসিএল পরিচালনা পর্ষদসহ এ উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল শুভেচ্ছা ও অভিনন্দন।

দেশের অর্থনৈতিক কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে চাহিদা অনুযায়ী প্রাথমিক জ্বালানি সরবরাহ করা একান্ত অপরিহার্য। দেশীয় খনিজ সম্পদ প্রাকৃতিক গ্যাস এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মূল্যবান এ গ্যাসের অপচয় রোধ ও সুষ্ঠু বিতরণ ব্যবস্থা নিশ্চিতকল্পে আধুনিক প্রযুক্তিনির্ভর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর উদ্যোগ প্রশংসনীয়। কোম্পানিটি সূচনালগ্ন থেকে সিস্টেম লস শূন্যের কোটায় ধরে রাখতে সক্ষম হয়েছে।

দেশের জ্বালানি খাতকে আধুনিক, পরিবেশবান্ধব ও টেকসই করার লক্ষ্যে পেট্রোবাংলা দীর্ঘমেয়াদি কৌশলগত পরিকল্পনা নিয়ে কাজ করছে। প্রাকৃতিক গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে স্থলভাগে নতুন ভূ-তাত্ত্বিক জরিপ পরিচালনা, অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন, বন্ধ কূপসমূহ ওয়ার্কওভার এবং কম্প্রেসর স্থাপনের কার্যক্রম জোরদার করা হয়েছে। পাশাপাশি সমুদ্র এলাকায় জ্বালানি অনুসন্ধান ও উত্তোলনে আন্তর্জাতিক গ্যাস ও তেল কোম্পানিসমূহকে আগ্রহী করতে সরকার 'অফশোর মডেল পিএসসি ২০২৬' এর খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে এবং নতুন পিএসসি অনুযায়ী আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়েছে।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড বর্তমানে ভোলা ও কুষ্টিয়া জেলায় বিভিন্ন শ্রেণির গ্রাহককে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ ও তদসংশ্লিষ্ট সেবা প্রদান করছে। খুলনা বিসিক শিল্পনগরী'তে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহকল্পে খুলনা জেলায় গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ পরবর্তীতে গ্যাস কমিশনিং করা হয়েছে। এছাড়া, যশোর রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় (জেইপিজেড) গ্যাস সংযোগের লক্ষ্যে গ্রাহক অর্থায়নে গ্যাস অবকাঠামো নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমি আশা করছি ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিৎকল্পে গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণের মাধ্যমে ভবিষ্যতে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে শিল্পায়নের অবারিত দ্বার উন্মোচনে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

আমি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর উত্তরোত্তর সমৃদ্ধি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলের সুস্বাস্থ্য ও সার্বিক সাফল্য কামনা করছি।

(মো: আব্দুল মান্নান)

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

**(মোহাম্মদ শাহ আলম)**
**চেয়ারম্যান**
এসজিসিএল পরিচালনা পর্ষদ



# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৭তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত ও গর্বিত। আমি বিশ্বাস করি এ প্রতিবেদনে কোম্পানির আর্থিক ও উন্নয়নমূলক কর্মকান্ডের তথ্য-উপাত্ত সুস্পষ্টভাবে উপস্থাপিত হয়েছে।

দেশের অর্থনীতির চাকা সচল রাখতে প্রাকৃতিক গ্যাসের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিল্প, বিদ্যুৎ ও বাণিজ্যিকসহ বিভিন্ন খাতে প্রাকৃতিক গ্যাস দেশের অর্থনৈতিক কর্মকান্ডের অন্যতম প্রধান চালিকাশক্তি। এ মূল্যবান প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু, দক্ষ ও যথাযথ ব্যবহারের মাধ্যমে শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে ২০০৯ সালে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর অগ্রযাত্রা সূচিত হয়। বর্তমানে এ কোম্পানির সরবরাহকৃত গ্যাসের সিংহভাগ বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হচ্ছে যা জাতীয় গ্রিডকে শক্তিশালী করার পাশাপাশি সার্বিক জ্বালানি ঘাটতি হ্রাসে উল্লেখযোগ্য অবদান রাখছে। সুষ্ঠু ব্যবস্থাপনা, প্রযুক্তিনির্ভর বিতরণ ব্যবস্থার সফল বাস্তবায়নের মাধ্যমে কোম্পানি প্রতিষ্ঠার শুরু থেকে জিরো সিস্টেম লস বজায় রেখে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিগুলোর মধ্যে এক অনন্য নজির স্থাপন করেছে।

বর্তমানে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ভোলা ও কুষ্টিয়া জেলায় বিভিন্ন শ্রেণির গ্রাহক কে নিরাপদ, নিরবচ্ছিন্ন, টেকসই গ্যাস সরবরাহ এবং তদসংশ্লিষ্ট সেবা প্রদান করছে। ভোলাসহ বিসিক শিল্পনগরী এর অভ্যন্তরে গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের লক্ষ্যে পাইপলাইন নির্মাণসহ গ্যাস বিতরণ অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। পাশাপাশি খুলনা বিসিক শিল্পনগরী'তে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহকল্পে খুলনা জেলায় গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ পরবর্তীতে গ্যাস কমিশনিং করা হয়েছে। এছাড়া, যশোর রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় (জেইপিজেড) গ্যাস সংযোগের লক্ষ্যে গ্রাহক অর্থায়নে ৩৫ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন টিবিএস, মিটারিং স্টেশন ও প্রয়োজনীয় পাইপলাইনসহ অভ্যন্তরীণ গ্যাস নেটওয়ার্ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভব হলে দেশের জ্বালানি চাহিদা অনেকাংশে লাঘব হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বা পরিকল্পনা সর্বাধিক গুরুত্বের সাথে বাস্তবায়ন ও পালনের মাধ্যমে দেশের সামগ্রিক জ্বালানি খাতের উন্নয়নের অংশীদারিত্বে এসজিসিএল আরো বলিষ্ঠ ভূমিকা রাখতে সক্ষম হবে।

২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানি ২৭০.৫৩ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জনে সক্ষম হয়েছে। গত বছর এর পরিমাণ ছিল ২৫৩.৪৫ কোটি টাকা। কোম্পানি কর্তৃপক্ষের দক্ষ ও সুষ্ঠু ব্যবস্থাপনায় বিপণন ও রাজস্ব কার্যক্রমে ধারাবাহিক অগ্রগতি অর্জনের পাশাপাশি কোম্পানির সার্বিক কার্যক্রমের মাধ্যমে এসজিসিএল দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ও ইতিবাচক ভূমিকা পালন করে চলেছে এবং ভবিষ্যতেও এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে।

এসজিসিএল এর কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগিতা ও দিক-নির্দেশনা প্রদানের জন্য পরিচালনা পর্ষদের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদেরকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করে দেশের উন্নয়ন ও অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

**(মোহাম্মদ শাহ আলম)**

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

**(প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু)**
**ব্যবস্থাপনা পরিচালক**
সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড



# ব্যবস্থাপনা পরিচালক-এর বক্তব্য

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৭তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের মহতী উদ্যোগের অংশীদার হতে পেরে আমি আনন্দিত। আমার বিশ্বাস বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশিত তথ্যে উন্নয়নমূলক কর্মকান্ড, অর্থনৈতিক কার্যাবলী, ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ কোম্পানির সার্বিক কার্যক্রম সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যাবে।

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন শ্রেণির গ্রাহককে গ্যাস সরবরাহের উদ্দেশ্যে ২৩ নভেম্বর, ২০০৯ সালে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড পেট্রোবাংলার অধীন একটি সরকারি মালিকানাধীন স্বতন্ত্র কোম্পানি হিসেবে আত্মপ্রকাশ করে। খুলনা বিভাগ, বরিশাল বিভাগ এবং ঢাকা বিভাগের ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলাসমূহ এ কোম্পানির অধিভুক্ত এলাকা। অধিভুক্ত এলাকায় বিতরণ গ্যাস পাইপলাইন নির্মাণ, গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদান এবং সংযোগ পরবর্তী সেবা প্রদানের দায়িত্ব এ কোম্পানির।

পরিবর্তিত বৈশ্বিক প্রেক্ষাপটে বিশ্ববাজারের অস্থিতিশীলতার মধ্যেও এসজিসিএল বিতরণ নেটওয়ার্কের সর্বোচ্চ কার্যকারিতা নিশ্চিত করে শিল্প ও বিদ্যুৎ খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ বজায় রেখেছে। বর্তমানে কোম্পানির আঞ্চলিক বিপণন কার্যালয় ভোলা ও কুষ্টিয়ার আওতাধীন এলাকায় বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, শিল্প (ভোলার নন-পাইপ গ্যাস), ক্যাপটিভ পাওয়ার (ভোলার নন-পাইপ গ্যাস), বাণিজ্যিক ও আবাসিক শ্রেণির গ্রাহককে গ্যাস সরবরাহ করা হচ্ছে। কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরে সরবরাহকৃত গ্যাসের পরিমাণ ১১০৭.৯৯৩ মিলিয়ন ঘনমিটার । যার মধ্যে ১০৫৩.৬৬৮ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হয়েছে, যা জাতীয় গ্রীডে যুক্ত হয়ে জ্বালানি চাহিদা নিরসনে এ কোম্পানি গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এছাড়া, বর্তমানে এ কোম্পানি জাতীয় রুফটপ সোলার কর্মসূচি-এর আওতায় ভোলায় অন-গ্রিড সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে নিজস্ব ব্যবহারের পাশাপাশি স্থানীয় গ্রিড লাইনে বিদ্যুৎ সরবরাহ করছে। সুষ্ঠু ব্যবস্থাপনা, প্রযুক্তিনির্ভর বিতরণ ব্যবস্থার সফল বাস্তবায়নের মাধ্যমে এসজিসিএল জিরো সিস্টেম লস বজায় রাখতে সক্ষম হয়েছে।

২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানি কর্তৃক বিভিন্ন খাতে গ্যাস বিক্রয় এবং অন্যান্য অপারেশনাল আয়সহ মোট অর্জিত রাজস্বের পরিমাণ ১৭২৭.৬১ কোটি টাকা এবং ব্যয় ১৪৭০.৩৬ কোটি টাকা। উক্ত অর্থবছরে কোম্পানি ২৭০.৫৩ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জনে সক্ষম হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে এর পরিমাণ ছিল ২৫৩.৪৬ কোটি টাকা। বিগত বছরের তুলনায় চলতি বছরে গ্যাস বিক্রয় বৃদ্ধি পাওয়ায় করপূর্ব মুনাফা ১৭.০৭ কোটি টাকা বা ৬.৭৩% বৃদ্ধি পেয়েছে। সফল ব্যবস্থাপনা ও সকলের সম্মিলিত প্রচেষ্টায় আগামীতেও এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে আশা করা যায়।

এসজিসিএল-এর আওতাধীন খুলনা জেলায় বিসিক শিল্পনগরীতে গ্যাস সরবরাহকল্পে খুলনা জেলাস্থ জিটিসিএল-এর

আড়ংঘাটা সিজিএস অফটেক থেকে এসজিসিএল-এর যোগীপোল ডিআরএস পর্যন্ত ১০" ব্যাস × ৩০০ পিএসআইজি চাপ × ৬.৪ কিমি মুখ্য গ্যাস বিতরণ পাইপলাইন, ২০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন ০১টি ডিআরএস এবং ডিআরএস থেকে খুলনা বিসিক মেইন গেট পর্যন্ত ১০" ব্যাস × ১৪০ পিএসআইজি চাপ × ১.৫ কিমি বিতরণ পাইপলাইন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। গত ২০ আগস্ট ২০২৫ তারিখে বর্ণিত অবকাঠামোতে গ্যাস কমিশনিং করা হয়েছে। ভোলা জেলায় শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের জন্য গ্রাহকের অর্থায়নে এসজিসিএল-এর আওতাধীন ভেঞ্চার সংলগ্ন ডিআরএস থেকে গ্রাহক আঙিনা পর্যন্ত রিভার ক্রসিং ব্যতীত ১০ " ব্যাস × ১৪০ পিএসআইজি × ২.২৫ কি.মি. গ্যাস পাইপলাইন নির্মাণ সম্পন্ন হয়েছে। ডিআরএস মডিফিকেশন এবং HDD পদ্ধতিতে রিভার ক্রসিং-এর কাজ সম্পাদন পরবর্তীতে গ্রাহকদের চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।

এছাড়া, যশোর রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় (জেইপিজেড) গ্যাস সংযোগের লক্ষ্যে গ্রাহক অর্থায়নে ৩৫ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন টিবিএস, মিটারিং স্টেশন ও প্রয়োজনীয় পাইপলাইনসহ অভ্যন্তরীণ গ্যাস নেটওয়ার্ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা সম্ভব হলে ভবিষ্যতে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণের মাধ্যমে জ্বালানি চাহিদা পূরণে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) আরো গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

এসজিসিএল-এর অধিভুক্ত ভোলা ও কুষ্টিয়া এলাকায় প্রতিটি গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করে ভোলা ও কুষ্টিয়া এলাকায় অবৈধ গ্যাস পাইপ লাইনের মাধ্যমে অবৈধ গ্রাহক নেই মর্মে নিশ্চিত করা হয়েছে। খুলনায় নবনির্মিত ১০" ব্যাসের ৭.৯ কি.মি. গ্যাস পাইপলাইনে সিপি সিস্টেম স্থাপনসহ ভোলা এলাকায় ৩২.৩৮ কিমি বিতরণ গ্যাস পাইপলাইনেও Coating Defect/Leak Detection কার্যক্রম সম্পাদন করা হয়েছে। ভোলা ও কুষ্টিয়াস্থ ভেড়ামারায় বিদ্যুৎকেন্দ্রে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিতে ডিআরএস এবং RMS রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্যক্রম সম্পাদন করা হয়েছে। এসজিসিএল-এর অধিভুক্ত এলাকায় স্থাপিত বিতরণ ও সার্ভিস পাইপলাইন এবং পাইপলাইনে অবস্থিত ভাল্‌ভপিটসমূহের বার্ষিক রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম সম্পাদন করা হয়েছে। এসজিসিএল-এর ভোলা আবিকার অভ্যন্তরীণ রাস্তা সংস্কার, ফায়ার এলার্ম সিস্টেমসহ বজ্রপাত নিরোধক ব্যবস্থা স্থাপন কাজ সম্পাদন করা হয়েছে।

২০২৫-২০২৬ অর্থবছরে এসজিসিএল-এর ডি-নথি ব্যবহারের হার ১০০% এবং কোম্পানির ক্রয় প্রক্রিয়াসমূহ একশত ভাগ e-gp এর মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। কর্তৃপক্ষের নির্দেশনা ও সুষ্ঠু ব্যবস্থাপনায় ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিৎকরণে অত্র এলাকায় শিল্প, ক্যাপটিভ পাওয়ার ও বিদ্যুৎ শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদানের মাধ্যমে কোম্পানির বিপণন ও রাজস্ব কার্যক্রম বৃদ্ধির পাশাপাশি এ অঞ্চলে শিল্পায়নের এক অবারিত দ্বার উন্মোচনে এসজিসিএল-এর সুদৃঢ় প্রয়াস অব্যাহত থাকবে।

কোম্পানির এ অগ্রযাত্রায় সার্বিক সহযোগিতা, পরামর্শ ও দিকনির্দেশনার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, দাতা সংস্থা, উন্নয়ন সহযোগী অন্যান্য প্রতিষ্ঠান, পেট্রোবাংলা এবং এসজিসিএল পরিচালনা পর্ষদসহ সংশ্লিষ্ট সকলের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং কোম্পানির অব্যাহত সাফল্যের মূল চালিকাশক্তি হিসেবে অবদান রাখায় সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

(প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু)

# SHAREHOLDERS



**Md. Abdul Mannan**
Chairman
Petrobangla



**S. M. Mahbub Alam**
Joint Secretary
&
Director (Administration), Petrobangla



**A K M Mizanur Rahman**
Joint Secretary
&
Director (Finance), Petrobangla



**Md. Abdul Mannan Patwary**
Director (Planning)
Petrobangla



**Md. Amzad Hossain**
Secretary
Petrobangla

# The Board of Directors



**Mohammad Shah Alam**
Chairman
SGCL Board of Directors



**Md Manjur Alam Prodhan**
Director, SGCL Board of Directors &
Additional Secretary (Development Wing)
Energy and Mineral Resources Division



**S. M. Shafaet Hossen**
Director, SGCL Board of Directors &
Additional Secretary (Drafting)
Legislative & Parliamentary Affairs Division



**Mohammad Mohoshin Uddin**
Director, SGCL Board of Directors &
Chief Inspector of Explosives (Joint Secretary)
Department of Explosives



**Md. Abdul Mannan Patwary**
Director, SGCL Board of Directors &
Director (Planning)
Petrobangla

# The Board of Directors



**S M Jakaria**
Director, SGCL Board of Directors &
Deputy Secretary (Planning-1 Section)
Energy and Mineral Resources Division



**Md. Ruhul Amin**
Director, SGCL Board of Directors &
Deputy Secretary
(Company Affairs Section-1)



**Rafiqul Islam**
Director, SGCL Board of Directors &
Senior Assistant Secretary (Budget Section)
Energy and Mineral Resources Division



**Engr. Goutam Chandra Kundu**
Director, SGCL Board of Directors &
Managing Director, SGCL

# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
# Sundarban Gas Company Limited
(A Company of Petrobangla)

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে
জাতীয় দায়িত্ব পালন করুন

সূত্র নং: ২৮.২১.০০০০.০০০.১১১.৬৬.০০০১.২০/৮০

তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি.

## ১৭তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর ১৭তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৯ অক্টোবর ২০২৬ (১৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ), রোজ বৃহস্পতিবার, সন্ধ্যা ০৬:৩০ ঘটিকায় পেট্রোবাংলার বোর্ড রুম, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার ভবন (৪র্থ তলা), ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এ অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্যসূচি:**

১। কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভার অনুমোদিত কার্যবিবরণী নিশ্চিতকরণ;
২। কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন পর্যালোচনা;
৩। কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের সার্বিক কার্যক্রমের উপর পরিচালকমণ্ডলীর প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;
৪। কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের নিরীক্ষিত হিসাব, স্থিতিপত্র এবং নিরীক্ষকের প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;
৫। কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের নগদ লভ্যাংশ ঘোষণা;
৬। কোম্পানির ২০২৬-২০২৭ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য বহিঃনিরীক্ষক নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;
৭। কোম্পানি আইনের ৯১(১)(খ) ধারা এবং কোম্পানির আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন-এর ১০৭ নং অনুচ্ছেদ অনুযায়ী পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ নিয়মিতকরণ;
৮। কোম্পানি আইনের ৯১(২) ধারা এবং কোম্পানির আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন-এর ১১২ ও ১১৫ নং অনুচ্ছেদ অনুযায়ী এসজিসিএল পরিচালনা পর্ষদের এক-তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ এবং তদস্থলে পরিচালক নিয়োগ;
৯। কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দের সম্মানীর পুনর্নির্ধারিত হার নিয়মিতকরণ;
১০। বিবিধ: চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সভায় আইনগতভাবে আলোচনাযোগ্য অন্যান্য বিষয়াদি (যদি থাকে)।

**সভার কার্যপত্র যথাশীঘ্র প্রেরণ করা হবে।**

এসজিসিএল এর সম্মানিত শেয়ারহোল্ডার ও পর্ষদ পরিচালকবৃন্দকে উক্ত সভায় অংশগ্রহণের জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে।

সম্মানিত কোন শেয়ারহোল্ডার ব্যক্তিগতভাবে সভায় উপস্থিত হতে অপারগ হলে প্রক্সি (Proxy) ফর্ম জমাদানের মাধ্যমে তাঁর পক্ষ থেকে সভায় উপস্থিত হওয়ার জন্য প্রতিনিধি নিয়োগ করতে পারবেন। প্রক্সি ফর্ম এতদসঙ্গে সংযুক্ত করা হল।

সংযুক্তি: প্রক্সি-ফর্ম।

পরিচালকমণ্ডলীর আদেশক্রমে

(মোঃ জিল্লুর রহমান)
কোম্পানি সচিব

**বিতরণ:**

**শেয়ারহোল্ডারবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। জনাব মো: আব্দুল মান্নান, চেয়ারম্যান, পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
২। জনাব এস. এম. মাহবুব আলম, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৩। জনাব এ কে এম মিজানুর রহমান, পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৪। জনাব মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৫। জনাব মোঃ জাভেদ ইবনে শাহেদ, সচিব, পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৬। পেট্রোবাংলা: প্রতিনিধিত্বকারী-চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।

**পরিচালকবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। জনাব মোহাম্মদ শাহ আলম, সাবেক চেয়ারম্যান, বিএফডিসি।
২। জনাব মোঃ মনজুর আলম প্রধান, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৩। জনাব মোহাম্মদ মোহসীন উদ্দিন, প্রধান বিস্ফোরক পরিদর্শক (যুগ্মসচিব), বিস্ফোরক পরিদপ্তর।
৪। জনাব এস. এম. শাফায়েত হোসেন, যুগ্মসচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৫। জনাব মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৬। জনাব এস এম জাকারিয়া, উপসচিব (পরিকল্পনা-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৭। জনাব মোঃ রুহুল আমিন, উপসচিব (কোম্পানি অ্যাফেয়ার্স-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৮। জনাব রফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৯। প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু, ব্যবস্থাপনা পরিচালক, এসজিসিএল।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
২। উপ-নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের খুলনা বিভাগীয় কার্যালয়, ট্রিবিউন টাওয়ার, ২/বি, কে.ডি.এ. অ্যাভিনিউ, খুলনা।
৩। মেসার্স মাহামুদ সবুজ এন্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস, ফেয়ার দিয়া কমপ্লেক্স (৭ম তলা), ১১/৮/ই, ফ্রি স্কুল স্ট্রিট, পান্থপথ, ঢাকা-১২০৫।
৪। অফিস কপি।

# পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,
আসসালামু আলাইকুম।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৭তম বার্ষিক সাধারণ সভায় ২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানির সার্বিক কার্যক্রমের ওপর প্রণীত পরিচালকমণ্ডলীর প্রতিবেদন উপস্থাপনের প্রারম্ভে এসজিসিএল পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আমি আপনাদের সবাইকে আন্তরিক স্বাগত জানাচ্ছি।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

দেশের অর্থনীতির চাকা সচল রাখতে প্রাকৃতিক গ্যাসের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিল্প, বিদ্যুৎ ও বাণিজ্যসহ বিভিন্ন খাতে প্রাকৃতিক গ্যাস দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের অন্যতম প্রধান চালিকাশক্তি। এ মূল্যবান প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু, দক্ষ ও যথাযথ ব্যবহারের মাধ্যমে শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা পূরণে একটি পৃথক গ্যাস বিতরণ কোম্পানি প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়। এর ধারাবাহিকতায় খুলনা ও বরিশাল বিভাগের সব জেলা এবং ঢাকা বিভাগের ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ীসহ মোট ২১টি জেলা অন্তর্ভুক্ত করে ২৩ নভেম্বর ২০০৯ তারিখে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর যাত্রা শুরু হয়।

অধিভুক্ত এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ, গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদান এবং সংযোগ-পরবর্তী সেবা প্রদান এ কোম্পানির অন্যতম দায়িত্ব। কোম্পানির অনুমোদিত মূলধন ৩০০ (তিনশত) কোটি টাকা; এর মধ্যে বর্তমানে পরিশোধিত মূলধন ১০০ (একশত) কোটি টাকা। প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ১০০ (একশত) টাকা হিসেবে মোট শেয়ারের সংখ্যা ১ (এক) কোটি। কোম্পানির Memorandum and Articles of Association-এ Subscriber হিসেবে পেট্রোবাংলার চেয়ারম্যান, পরিচালকগণ ও সচিবের নামে মোট ৭ (সাত)টি শেয়ার এবং অবশিষ্ট ৯৯,৯৯,৯৯৩ (নিরানব্বই লক্ষ নিরানব্বই হাজার নয়শত তিরানব্বই)টি শেয়ার পেট্রোবাংলার প্রতিনিধিত্বকারী চেয়ারম্যানের নামে বরাদ্দ রয়েছে।

আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে, ২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানি কর্তৃক বিভিন্ন খাতে গ্যাস বিক্রয় এবং অন্যান্য অপারেশনাল আয়সহ মোট অর্জিত রাজস্বের পরিমাণ ১৭২৭.৬১ কোটি টাকা এবং ব্যয় ১৪৭০.৩৬ কোটি টাকা। উক্ত অর্থবছরে কোম্পানি ২৭০.৫৩ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জনে সক্ষম হয়েছে। অর্জিত মুনাফা থেকে লভ্যাংশ বাবদ ২০.০০ কোটি টাকা এবং আয়কর বাবদ ৭০.১২ কোটি টাকাসহ সর্বমোট ৯০.১২ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এছাড়া, সরবরাহকারীর বিল থেকে উৎসে কর্তনকৃত আয়কর বাবদ ৮১.০৬ কোটি টাকা এবং ভ্যাট বাবদ ১.২৫ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। কোম্পানি কর্তৃপক্ষের দক্ষ ও সুষ্ঠু ব্যবস্থাপনায় বিপণন ও রাজস্ব কার্যক্রমে ধারাবাহিক অগ্রগতি অর্জনের পাশাপাশি কোম্পানির সার্বিক কার্যক্রমের মাধ্যমে এসজিসিএল দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ও ইতিবাচক ভূমিকা পালন করে চলেছে এবং ভবিষ্যতেও এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

এখন আমি ২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানির বিপণন, আর্থিক ও অপারেশনাল কার্যক্রমের ওপর পরিচালকমণ্ডলীর প্রতিবেদন আপনাদের অবগতির জন্য উপস্থাপন করছি।



এসজিসিএল-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা

## বিপণন কার্যক্রম:

### গ্রাহক সংযোগ:

সরকারের নির্দেশনার আলোকে ১৫ জানুয়ারি ২০২০ তারিখ থেকে আবাসিক শ্রেণিতে নতুন গ্যাস সংযোগ ও লোড বৃদ্ধি বন্ধ রয়েছে। এছাড়া, দেশীয় গ্যাসক্ষেত্রসমূহে উৎপাদনের ক্রমহ্রাসমান প্রবণতা এবং ২টি FSRU-ভিত্তিক এলএনজি আমদানির সীমাবদ্ধতার কারণে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনায় বর্তমানে নতুন গ্যাস সংযোগের বিষয়টি কোনো বিতরণ কোম্পানির ক্ষেত্রেই বিবেচনা করা হচ্ছে না। পেট্রোবাংলার আওতাধীন সকল বিতরণ কোম্পানির সব শ্রেণির গ্রাহকের নতুন গ্যাস সংযোগ ও লোড বৃদ্ধি কার্যক্রম বন্ধ থাকায় ২০২৫-২০২৬ অর্থবছরে এসজিসিএল-এর অধিভুক্ত এলাকায় নতুন কোনো গ্যাস সংযোগ প্রদান করা হয়নি। বর্তমানে কোম্পানির আঞ্চলিক বিপণন কার্যালয়, ভোলা ও কুষ্টিয়ার আওতাধীন এলাকায় বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, শিল্প (ভোলার নন-পাইপ গ্যাস), ক্যাপটিভ পাওয়ার (ভোলার নন-পাইপ গ্যাস), বাণিজ্যিক ও আবাসিক শ্রেণির মোট ২,৩৯৪ জন গ্রাহককে গ্যাস সরবরাহ করা হচ্ছে।

### গ্যাস ক্রয়:

কোম্পানি ২০২৫-২০২৬ অর্থবছরে ১২০৩.০০ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে মোট ১০৯৯.১৫ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় করেছে; যার মধ্যে ভোলায় অবস্থিত সরকারি মালিকানাধীন বাপেক্সের শাহবাজপুর গ্যাসক্ষেত্র থেকে ৭০৮.৭২ মিলিয়ন ঘনমিটার এবং জাতীয় গ্যাস গ্রিড থেকে ৩৯০.৪৩ মিলিয়ন ঘনমিটার গ্যাস গ্রহণ করা হয়েছে।

### গ্যাস বিক্রয়:

এসজিসিএল কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে ভোলাস্থ গ্যাস সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্কের মাধ্যমে বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ, বাণিজ্যিক, আবাসিক, শিল্প (ভোলা নন-পাইপ) ও ক্যাপটিভ (ভোলা নন-পাইপ) গ্রাহক এবং জাতীয় গ্রিড থেকে আঞ্চলিক বিপণন কার্যালয়, কুষ্টিয়ার শিল্প ও ক্যাপটিভ শ্রেণির গ্রাহককে এবং ভেড়ামারা ৪১০ মে.ও. বিদ্যুৎকেন্দ্রে গ্যাস সরবরাহ করা হয়। কোম্পানির ২০২৫-২০২৬ এবং ২০২৪-২০২৫ অর্থবছরে গ্যাস বিক্রয় ও বিক্রয়লব্ধ আয়ের তুলনামূলক বিবরণী উপস্থাপন করা হলো:

| গ্রাহক শ্রেণি | ২০২৫-২০২৬ | | ২০২৪-২০২৫ | |
|---|---|---|---|---|
| | পরিমাণ (মিলিয়ন ঘনমিটার) | বিক্রয়মূল্য (লক্ষ টাকা) | পরিমাণ (মিলিয়ন ঘনমিটার) | বিক্রয়মূল্য (লক্ষ টাকা) |
| বিদ্যুৎ | ১০৫৩.৬৬৮ | ১৬৩৩১৮.৫৪৬ | ১০২৫.০১০ | ১৫৮৮৭৬.৬২২ |
| শিল্প | ২৭.৪২৬ | ৮২২৭.৯১৯ | ২৫.৫৫৭ | ৭৬৬৭.০৪৫ |
| ক্যাপটিভ | ১৫.৯৪৫ | ৫০২২.৭৬৯ | ১৪.৪৯২ | ৪৫৬৪.৮৮৩ |
| বাণিজ্যিক (হোটেল ও রেস্তোরাঁ) | ০.০০২ | ০.৪৭৬ | ০.০২৪ | ৭.৩৮১ |
| আবাসিক | ৪.৭৭৮ | ৮৬০.৪৮১ | ৪.৭৯০ | ৮৬২.২০২ |
| শিল্প (ভোলা নন-পাইপ) | ৫.২৮৩ | ৮৯৮.১৬১ | ৭.১৯৬ | ১২২৩.৩৪০ |
| ক্যাপটিভ (ভোলা নন-পাইপ) | ০.৮৯১ | ১৫১.৪৭০ | ০.৬৪৫ | ১০৯.৭০০ |
| **মোট=** | **১১০৭.৯৯৩** | **১৭৮৪৭৯.৮২২** | **১০৭৭.৭১৪** | **১৭৩৩১১.১৭৩** |

### অন্যান্য পরিচালন আয়:

কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরে সংযোগ ফি, কমিশনিং ফি, সারচার্জ, মিটার ভাড়া, ডিমান্ড চার্জ ও হিটিং ভ্যালু বাবদ আয় হয়েছে ১৭,৩৬৭.৯৬৭ লক্ষ টাকা; যা ২০২৪-২০২৫ অর্থবছরে ছিল ১৬,৬৭৩.৯৯৫ লক্ষ টাকা।

### গ্যাস সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগ কার্যক্রম:

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর অধিভুক্ত ভোলা জেলায় আবাসিক, বাণিজ্যিক, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, শিল্প (ভোলার নন-পাইপ গ্যাস), ক্যাপটিভ পাওয়ার (ভোলার নন-পাইপ গ্যাস) ও বিদ্যুৎ শ্রেণিতে গ্যাস সংযোগ রয়েছে। পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী গ্যাস কারচুপি ও অবৈধ গ্যাস সংযোগ প্রতিরোধ ও মনিটরিংয়ের জন্য কোম্পানি পর্যায়ে গঠিত ভিজিলেন্স ও টাস্কফোর্স টিম নিয়মিতভাবে গ্রাহক আঙিনা পরিদর্শন করে। পরিদর্শনকালে অবৈধ পাইপলাইন নির্মাণ, অবৈধ গ্যাস সংযোগ বা গ্যাস কারচুপির তথ্য পাওয়া গেলে "গ্যাস বিপণন নিয়মাবলি, ২০২৬" এবং "বাংলাদেশ গ্যাস আইন, ২০১০" অনুযায়ী তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়া, বৈধ গ্রাহক কর্তৃক অনুমোদিত উদ্দেশ্যের বাইরে গ্যাস ব্যবহার, অননুমোদিত সরঞ্জাম/চুলা ব্যবহার অথবা বিল বকেয়া থাকলে প্রযোজ্য ক্ষেত্রে গ্যাস সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করা হয়।

কোম্পানি পর্যায়ে গঠিত ভিজিলেন্স টিম ও টাস্কফোর্স টিম গ্রাহক আঙিনা পরিদর্শনকালীন বিল বকেয়াজনিত কারণে ০১ (এক) টি শিল্প শ্রেণির গ্রাহকের গ্যাস সংযোগ প্রথমে অস্থায়ীভাবে (২০২৪-২৫ অর্থবছরে) এবং পরে স্থায়ীভাবে (২০২৫-২০২৬ অর্থবছরে) বিচ্ছিন্ন করা হয়। এছাড়াও, আবাসিক শ্রেণির বৈধ গ্রাহকসমূহের মধ্যে গ্যাস বিল বকেয়াজনিত কারণে ৫ (পাঁচ) জন, অনুমোদনের অতিরিক্ত গ্যাস সরঞ্জাম ব্যবহারের কারণে ২ (দুই) জন, ভিন্ন উদ্দেশ্যে গ্যাস ব্যবহারের কারণে ৪ (চার) জন এবং নকশা বহির্ভূত জিআই লাইন স্থাপনের কারণে ১ (এক) জনসহ মোট ১২ (বারো) জন গ্রাহকের গ্যাস সংযোগ অস্থায়ীভাবে বিচ্ছিন্ন করা হয়েছে। পরিদর্শনকালে কোনোরূপ অবৈধ গ্যাস সংযোগ/অবৈধ পাইপলাইন ব্যবহার পরিলক্ষিত হয়নি। বৈধ গ্রাহক কর্তৃক অবৈধ কার্যকলাপের জন্য বিচ্ছিন্নকৃত গ্রাহকের নিকট থেকে গ্যাস বিপণন নিয়মাবলি অনুযায়ী সংযোগ বিচ্ছিন্ন ফি, অতিরিক্ত বিল, জরিমানা, পুনঃসংযোগ ফি ইত্যাদি আদায়পূর্বক পুনঃসংযোগ প্রদান করা হয়েছে। এছাড়া, অবৈধ গ্যাস সংযোগ গ্রহণ/অবৈধ কার্যক্রম থেকে বিরত থাকার জন্য নিয়মিতভাবে মাইকিংয়ের মাধ্যমে প্রচার-প্রচারণা চালানো হচ্ছে।




এসজিসিএল-এর চেয়ারম্যান মহোদয়ের কোম্পানির প্রধান কার্যালয় পরিদর্শন

## আর্থিক ও রাজস্ব কার্যক্রম

এ পর্যায়ে আমি ২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানির আর্থিক ও রাজস্ব কার্যক্রমের বিস্তারিত বিবরণ আপনাদের অবগতি ও বিবেচনার জন্য উপস্থাপন করছি।

## হুইলিং চার্জ

জিটিসিএল-এর গ্যাস সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরে এসজিসিএল নেটওয়ার্কে সরবরাহকৃত ৩৯০.৪২৮ মিলিয়ন ঘনমিটার গ্যাসের হুইলিং চার্জ বাবদ ব্যয় হয়েছে ৩৯.৮২ কোটি টাকা। বিগত অর্থবছরে যার পরিমাণ ছিল ৩৬.৯১ কোটি টাকা। চলতি বছরে জাতীয় গ্রিড থেকে বিগত বছরের তুলনায় অধিক গ্যাস সরবরাহ করায় হুইলিং চার্জের পরিমাণ বেশি হয়েছে।

## গ্যাস উন্নয়ন তহবিল

গ্যাসের অনুসন্ধান ও উৎপাদনে নিয়োজিত কোম্পানিসমূহের মজুত/উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে ১ আগস্ট ২০০৯ তারিখে গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) গঠন করা হয়। এ খাতে ২০২৫-২০২৬ অর্থবছরে ব্যয় ১৯.৯৭ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ১৯.৩৬ কোটি টাকা। বিগত বছরের তুলনায় চলতি বছরে গ্যাস ক্রয় বেশি হওয়ায় গ্যাস উন্নয়ন তহবিল খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

## জ্বালানি নিরাপত্তা তহবিল

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক ১ সেপ্টেম্বর ২০১৫ থেকে কার্যকর করে পুনঃনির্ধারিত গ্যাস ট্যারিফে গ্যাসের সম্পদমূল্য ভারিত গড়ে প্রতি ঘনমিটার ১.০১ টাকা সমন্বয়ে ভোক্তা স্বার্থে "জ্বালানি নিরাপত্তা তহবিল" গঠন করা হয়। এ তহবিলে ২০২৫-২০২৬ অর্থবছরে ব্যয় ২২.২৭ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ২১.৫৯ কোটি টাকা। চলতি বছরে গ্যাস ক্রয়ের পরিমাণ বেশি হওয়ায় জ্বালানি নিরাপত্তা তহবিল খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

## এলএনজি চার্জ

দেশীয় গ্যাসের ক্রমহ্রাসমান উৎপাদন এবং গ্যাসের চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধির প্রেক্ষাপটে বিগত ১৮ আগস্ট ২০১৮ তারিখ থেকে আমদানিকৃত এলএনজির ব্যয় নির্বাহের জন্য ২০২৫-২০২৬ অর্থবছরে বিইআরসি কর্তৃক নির্ধারিত এলএনজি অপারেশনাল চার্জ বাবদ ৮১৪.৪৮ কোটি টাকা ব্যয় হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ৭৮৪.৩০ কোটি টাকা। বিগত বছরের তুলনায় চলতি বছরে গ্যাস ক্রয় বেশি হওয়ায় এলএনজি চার্জ খাতে ব্যয়ের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

## পেট্রোবাংলার চার্জ

আমদানিকৃত এলএনজির ব্যয় নির্বাহের বিপরীতে ২০২৫-২০২৬ অর্থবছরে বিইআরসি কর্তৃক নির্ধারিত পেট্রোবাংলা চার্জ বাবদ ৭.৫১ কোটি টাকা ব্যয় হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে এর পরিমাণ ছিল ৭.২৭ কোটি টাকা। চলতি বছরে গ্যাস ক্রয়ের পরিমাণ বেশি হওয়ায় পেট্রোবাংলা চার্জ খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

## করপূর্ব মুনাফা

২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানির করপূর্ব মুনাফা হয়েছে ২৭০.৫৩ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে এর পরিমাণ ছিল ২৫৩.৪৬ কোটি টাকা। অর্থাৎ, আলোচ্য অর্থবছরে করপূর্ব মুনাফা ১৭.০৭ কোটি টাকা বা ৬.৭৩% বৃদ্ধি পেয়েছে। বিগত বছরের তুলনায় চলতি বছরে গ্যাস বিক্রয় বৃদ্ধি পাওয়ায় করপূর্ব মুনাফাও বৃদ্ধি পেয়েছে।

## কোম্পানির অর্থবছরভিত্তিক মুনাফার হিসাব নিম্নে প্রদর্শন করা হলো

### অর্থবছরভিত্তিক মুনাফার বিবরণী

(কোটি টাকায়)

| অর্থবছর | গ্যাস বিক্রয়ের পরিমাণ (এমএমসিএম) | গ্যাস বিক্রয় (টাকা) | গ্যাস ক্রয়ের পরিমাণ (এমএমসিএম) | গ্যাস ক্রয় (টাকা) | মোট মুনাফা | অপারেশনাল ও অন্যান্য আয় | প্রশাসনিক ও অন্যান্য ব্যয় | করপূর্ব মুনাফা | আয়কর | কর পরবর্তী মুনাফা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৩-১৪ | ২১.৩১ | ৬.২১ | ২০.৮৫ | ৪.৯ | ১.৩১ | ২.৮৮ | ৩.৫৬ | ০.৬৩ | ০.২২ | ০.৪১ |
| ২০১৪-১৫ | ৯০.৯১ | ২৬.২৯ | ৯০.৯১ | ২১.১৯ | ৫.১০ | ৫.১৫ | ৪.৭২ | ৫.৫৩ | ১.৯৪ | ৩.৫৯ |
| ২০১৫-১৬ | ২৯৪.৫৭ | ৮৪.৪৫ | ২৯৪.৫৪ | ৭১.২৮ | ১৩.১৭ | ৩.১০ | ৬.৯২ | ৯.৩৫ | ৩.২৭ | ৬.০৮ |
| ২০১৬-১৭ | ৩৪৭.৪৮ | ১০৪.২৭ | ৩৪৭.৪৮ | ৯০.২২ | ১৪.০৫ | ৫.৮১ | ১৩.৮৮ | ৫.৯৮ | ২.০৯ | ৩.৮৯ |
| ২০১৭-১৮ | ৭৬৮.৪৬ | ২৪৭.০০ | ৭৬৬.৪৮ | ২১৭.১৪ | ২৯.৮৬ | ১৯.৮৪ | ১৬.৩৮ | ৩৩.৩২ | ১১.৬৬ | ২১.৬৬ |
| ২০১৮-১৯ | ৯৭৯.৮৭ | ৩১৭.৯৫ | ৯৭১.৬৫ | ২৬৮.৮৬ | ৪৯.০৯ | ৩৪.১৯ | ২১.৯১ | ৬১.৩৭ | ২১.৪৮ | ৩৯.৮৯ |
| ২০১৯-২০ | ৯৫৬.০৪ | ৪৪২.৩৪ | ৯৩৫.৮৩ | ৩৮৯.১৮ | ৫৩.১৬ | ৬৪.৪ | ৩৭.০৬ | ৮০.৫০ | ২৬.১৬ | ৫৪.৩৪ |
| ২০২০-২১ | ৯৫২.৫১ | ৪৪৩.৪৭ | ৯৪১.৮৪ | ৩৯৬.৯৩ | ৪৬.৫৪ | ৭৮.৪৮ | ৩৯.৯৭ | ৮৫.০৫ | ২৫.৫১ | ৫৯.৫৪ |
| ২০২১-২২ | ১০৩৩.৮৭ | ৪৯৪.৬৩ | ১০২৯.৫৪ | ৪৩৯.৮৫ | ৫৪.৭৮ | ৯৩.৫১ | ৪৫.৬৫ | ১০২.৬৪ | ২৮.২৫ | ৭৪.৩৯ |
| ২০২২-২৩ | ৯১৫.৭২ | ৮৩৬.৮৯ | ৯০৭.৮৪ | ৭৮৬.৩৩ | ৫০.৫৬ | ৯২.২০ | ৪৭.১২ | ৯৫.৬৪ | ২৬.৩০ | ৬৯.৩৪ |
| ২০২৩-২৪ | ৯০০.৯৬ | ১৩৭৮.৮৮ | ৮৮৯.০২ | ১২৬৪.১৮ | ১১৪.৭০ | ১২৮.২৬ | ১২৮.৫৮ | ১১৪.৩৮ | ২৮.৫৮ | ৮৫.৮০ |
| ২০২৪-২৫ | ১০৭৭.৭১৪ | ১৭৩৩.১১ | ১০৬৪.৭২৭ | ১৬১৪.০০ | ১১৯.১১ | ২০১.৮২ | ৬৭.৪৮ | ২৫৩.৪৫ | ৬৩.৩৭ | ১৯০.০৮ |
| ২০২৫-২৬ | ১১০৭.৯৯৩ | ১৭৮৪.৭৯ | ১০৯৯.১৪৬ | ১৬৭১.০৩ | ১১৩.৭৬ | ২১৫.৭৬ | ৫৮.৯৯ | ২৭০.৫৩ | ৬৭.৫৯ | ২০২.৯৪ |

## অ্যাকাউন্টস রিসিভেবল ও বকেয়া গ্যাস বিলের বিবরণী

৩০ জুন ২০২৬ তারিখে অ্যাকাউন্টস রিসিভেবলের পরিমাণ ১,৬৮,৯৫০.৪০ লক্ষ টাকা। জুন ২০২৬ মাসের বিক্রয় জুলাই ২০২৬ মাসে ইনভয়েস করা হয়েছে বিধায় উক্ত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের অ্যাকাউন্টস রিসিভেবলের অন্তর্ভুক্ত থাকলেও বকেয়া গ্যাস বিলের হিসাব থেকে বাদ দেওয়া হয়েছে। ৩০ জুন ২০২৬ তারিখের হিসাব অনুযায়ী বকেয়া গ্যাস বিলের পরিমাণ ১,৫৭,৯২১.৩১ লক্ষ টাকা, যা ৯.১৭ মাসের গড় বিলের সমতুল্য। গ্রাহক শ্রেণিভিত্তিক বকেয়া গ্যাস বিলের বিবরণ নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলো:

| ক্র: নং | গ্রাহক শ্রেণি | ৩০ জুন ২০২৬ তারিখে অ্যাকাউন্টস রিসিভেবল (লক্ষ টাকায়) | ৩০ জুন ২০২৬ তারিখে বকেয়া গ্যাস বিলের পরিমাণ (জুন ২০২৬ মাসের বিক্রয় ব্যতীত) (লক্ষ টাকায়) | মাসিক গড় বিক্রয় (লক্ষ টাকায়) | সমতুল্য মাস |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ = (৪/৫) |
| ১ | **বিদ্যুৎ** | | | | |
| | সরকারি | ১০৬৮৮৫.০৭ | ১০২৩৬৮.৮০ | ১০৩১১.৯৩ | ৯.৯৩ |
| | বেসরকারি | ৫৯৬৯২.০৫ | ৫৪৪৩৪.৮৫ | ৫৬৩২.৩৪ | ৯.৬৬ |
| ২ | **ক্যাপটিভ পাওয়ার** | | | | |
| | সরকারি | ৩.৭৬ | ১.১২ | ০.৯৬ | ১.১৬ |
| | বেসরকারি | ৪৩৪.৫৫ | - | ৪০৬.৫৮ | - |
| ৩ | **শিল্প** | | | | |
| | সরকারি | - | - | - | - |
| | বেসরকারি | ৯৬৯.০০ | ২৫৭.১৮ | ৬৮২.৩১ | ০.৩৮ |
| ৪ | **বাণিজ্যিক** | | | | |
| | সরকারি | - | - | - | - |
| | বেসরকারি | ০.০৮০ | ০.০৭৩ | ০.০০৭ | ১০.৮৬ |
| ৫ | **আবাসিক** | | | | |
| | সরকারি | ১২.৬৭ | ৯.৯৪ | ২.৩৩ | ৪.২৭ |
| | বেসরকারি | ৯২.২৭ | ২৩.১৪ | ৬৯.২০ | ০.৩৩ |
| ৬ | **শিল্প (নন-পাইপ ভোলা)** | | | | |
| | বেসরকারি | ৭৩১.৮৩ | ৭০১.৩৩ | ১০০.১৯ | ৭.০০ |
| ৭ | **ক্যাপটিভ (নন-পাইপ ভোলা)** | | | | |
| | বেসরকারি | ১২৯.১২ | ১২৪.৮৮ | ১৭.৮৪ | ৭.০০ |

**৩০ জুন ২০২৬ তারিখের মোট অ্যাকাউন্টস রিসিভেবল ও বকেয়া গ্যাস বিলের পরিমাণ: (লক্ষ টাকায়)**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ | মোট সরকারি | ১০৬৯০১.৫০ | ১০২৩৭৯.৮৬ | ১০৩১৫.২২ | ৯.৯৩ |
| ৯ | মোট বেসরকারি | ৬২০৪৮.৯০ | ৫৫৫৪১.৪৫ | ৬৯০৮.৪৬ | ৮.০৪ |
| ১০ | **সর্বমোট (৮+৯)** | **১৬৮৯৫০.৪০** | **১৫৭৯২১.৩১** | **১৭২২৩.৬৮** | **৯.১৭** |

বিদ্যুৎ গ্রাহকের নিকট ৩০ জুন ২০২৬ তারিখে সারচার্জ বাবদ পাওনা রয়েছে ৭৪৮১.১০ লক্ষ টাকা।

## অনলাইন কার্যক্রম

### ডি-নথির ব্যবহার বৃদ্ধি

বর্তমানে ডি-নথির মাধ্যমে নিষ্পত্তিযোগ্য এসজিসিএল-এর সকল দাপ্তরিক কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পাদিত হচ্ছে। ডি-নথি ব্যবহারে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়। নথির শ্রেণিবিন্যাসসহ দাপ্তরিক কার্যক্রম পরিচালনা-সংক্রান্ত বিভিন্ন কর্মশালা আয়োজনের মাধ্যমে ডি-নথির ব্যবহার আরও জোরদার করা হচ্ছে। ২০২৫-২০২৬ অর্থবছরে এসজিসিএল-এর ডি-নথি ব্যবহারের হার ছিল ১০০%।

## e-GP তে দরপত্র আহ্বান

সরকারি নির্দেশনা মোতাবেক বর্তমানে এসজিসিএল কর্তৃক প্রায় সকল দরপত্র ই-জিপি সিস্টেমে আহ্বান করা হয়। বিগত ২০২৫-২০২৬ অর্থবছরের জুন'২০২৬ মাস পর্যন্ত আহ্বানকৃত দরপত্রের সংখ্যা মোট ২১টি; যার সবগুলোই ই-জিপির মাধ্যমে আহ্বান করা হয়েছে।

## ওয়েবসাইট হালনাগাদকরণ

এসজিসিএল-এর ওয়েবসাইটটি (www.sgcl.gov.bd) ২০২০ সাল থেকে জাতীয় তথ্য বাতায়নের সঙ্গে সংযুক্ত রয়েছে। ওয়েবসাইটটি নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী হালনাগাদ করা হচ্ছে। ফলে সকল সরকারি সংস্থার সঙ্গে এসজিসিএল-এর ওয়েবসাইটের সামঞ্জস্য বজায় থাকছে এবং গ্রাহক/জনসাধারণের তথ্য প্রাপ্তি সহজতর হচ্ছে।

## সফটওয়্যার ও ইন্টারনেট

গত ২০১৮ সাল থেকে রাজস্ব সফটওয়্যারের মাধ্যমে গ্রাহকের গ্যাস বিল প্রস্তুতকরণ, নতুন সংযোগ, পুনঃসংযোগসহ নিরাপত্তা জামানত গ্রহণ করা হচ্ছে। এছাড়া, ব্যাংক ও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, যথা: বিকাশ ও শিওরক্যাশ-এর মাধ্যমে গ্যাস বিল গ্রহণ করা হচ্ছে। বিইআরসি প্রদত্ত নতুন ট্যারিফ, সফটওয়্যার আপগ্রেডেশন, গ্রাহক পোর্টাল নতুনভাবে সফটওয়্যারে সংযোজনসহ এমআইএস ও নিরাপত্তা জামানত আপগ্রেডেশনের কাজটি আইআইসিটি, বুয়েটের মাধ্যমে করার লক্ষ্যে গত ০৩ মে ২০২৬ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। সফটওয়্যারটি আপগ্রেডেশনের ফলে গ্রাহকগণ অনলাইনে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে গ্যাস বিল প্রদান, প্রত্যয়নপত্র ডাউনলোড, গ্যাস বিল পরিশোধ সংক্রান্ত তথ্য অনলাইনে দেখার সুবিধা পাবেন। ফলে গ্রাহক সেবার মান বাড়বে। এছাড়াও, কোম্পানিতে স্থানীয় একটি বেসরকারি ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার কোম্পানির মাধ্যমে সার্বক্ষণিক ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা গ্রহণ করা হচ্ছে।

## সার্বক্ষণিক তদারকি ও নিরাপত্তা

এসজিসিএল-এর প্রধান কার্যালয়সহ ১১টি স্থাপনায় ৪৬টি আইপি ক্যামেরা ও ৪১টি এনালগ ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক নিরাপত্তা তদারকি করা হচ্ছে।

## উন্নয়ন কার্যক্রম

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

এখন আমি কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের উন্নয়ন কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণী উপস্থাপন করছি।

## বাস্তবায়িত উন্নয়নমূলক কার্যক্রম

### খুলনা জেলায় বিসিক শিল্পনগরীতে গ্যাস সরবরাহকল্পে গ্যাস অবকাঠামো নির্মাণ

খুলনা জেলায় জিটিসিএল-এর আড়ংঘাটা সিজিএস অফটেক থেকে এসজিসিএল-এর যোগীপোল ডিআরএস পর্যন্ত ১০" ব্যাস × ৩০০ পিএসআইজি চাপ × ৬.৪ কিমি মুখ্য গ্যাস বিতরণ পাইপলাইন, ২০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন ০১টি ডিআরএস এবং ডিআরএস থেকে খুলনা বিসিক মেইন গেট পর্যন্ত ১০" ব্যাস × ১৪০ পিএসআইজি চাপ × ১.৫ কিমি বিতরণ পাইপলাইন নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পর বর্ণিত অবকাঠামোতে গত ২০ আগস্ট ২০২৫ তারিখে গ্যাস কমিশনিং করা হয়েছে।



এসজিসিএল-এর যোগীপোল ডিআরএস এর কমিশনিং

### ভোলা জেলায় আবুল উলাইয়া টেক্সটাইল মিলস লিমিটেড নামীয় শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহকল্পে পাইপলাইন নির্মাণ

আবুল উলাইয়া টেক্সটাইল মিলস লিমিটেড-এ গ্যাস সরবরাহের জন্য গ্রাহকের অর্থায়নে এসজিসিএল-এর আওতাধীন ভেঞ্চার সংলগ্ন ডিআরএস থেকে গ্রাহক আঙিনা পর্যন্ত রিভার ক্রসিং ব্যতীত ১০ "ব্যাস × ১৪০ পিএসআইজি × ২.২৫ কিমি গ্যাস পাইপলাইন নির্মাণ সম্পন্ন হয়েছে। ডিআরএস মডিফিকেশন এবং HDD পদ্ধতিতে রিভার ক্রসিং-এর কাজ শিগগিরই শুরু হবে বলে আশা করা যায়। বর্ণিত গ্যাস অবকাঠামো নির্মাণ করে আলোচ্য গ্রাহকসহ অন্যান্য গ্রাহকের চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা হবে।

## খুলনায় নবনির্মিত ১০" ব্যাসের ৮.১ কিমি গ্যাস পাইপলাইনে সিপি সিস্টেম স্থাপন ও Coating Defect/Leak Detection কার্যক্রম

এসজিসিএল-এর অধিভুক্ত খুলনা এলাকায় নবনির্মিত গ্যাস পাইপলাইনের "Installation, Testing & Commissioning of Cathodic Protection (CP) System of 10" diameter and 8.1 KM Gas Pipeline from Arongghata to BSCIC gate at Khulna" শীর্ষক কাজ বাস্তবায়নের মাধ্যমে সিপি সিস্টেম স্থাপন করা হয়েছে। উক্ত পাইপলাইনের Coating Defect ও Leak Detection কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়েছে। মুখ্য বিতরণ এবং বিতরণ পাইপলাইনে ০৮ (আট) টি Coating Defect পাওয়া গিয়েছে এবং কোনো Leak পাওয়া যায়নি। প্রাপ্ত Coating Defect সমূহ মেরামত করা হয়েছে।



এসজিসিএল-এর পাইপলাইনের Coating Defect ও Leak Detection কার্যক্রম

## ভোলা এলাকায় ৩২.৩৮ কিমি বিতরণ গ্যাস পাইপলাইনে Coating Defect ও Leak Detection কার্যক্রম

২০২৫-২০২৬ অর্থবছরে এসজিসিএল-এর অধিভুক্ত ভোলা এলাকায় বিভিন্ন ব্যাসের ৩২.৩৮ কিমি বিতরণ পাইপলাইনের Coating Defect ও Leak Detection কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়। বিতরণ পাইপলাইনে কয়েকটি Coating Defect পাওয়া গিয়েছে এবং কোনো Gas Leak পাওয়া যায়নি। প্রাপ্ত Coating Defect সমূহ মেরামত করা হয়েছে।

## এসজিসিএল-এর ১৬০.০৫৯ কিমি গ্যাস পাইপলাইনে সিপি স্টেশনের মাধ্যমে ক্ষয় প্রতিরোধ কার্যক্রম পরিচালন ও অনলাইন মনিটরিং

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর পরিচালিত সর্বমোট ১৬০.০৫৯ কিমি গ্যাস পাইপলাইনের ক্ষয় প্রতিরোধের জন্য ৩টি TEG (Thermo Electric Generator) এবং ৮টি TR (Transformer Rectifier) ভিত্তিক সিপি স্টেশনের মাধ্যমে ক্ষয় প্রতিরোধ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রতি মাসে সিপি স্টেশনসমূহ পরিচালন, রক্ষণাবেক্ষণ ও মেরামতের মাধ্যমে পাইপলাইনসমূহের পিএসপি রিডিং গ্রহণযোগ্য মাত্রায় রাখা হয় এবং সার্বক্ষণিক অনলাইন মনিটরিংয়ের মাধ্যমে তদারকি করা হয়।

## কুষ্টিয়াস্থ ভেড়ামারা ৪১০ মে.ও. ও ভোলাস্থ ২২৫ মে.ও. বিদ্যুৎকেন্দ্রে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিতে RMS রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্যক্রম

এনডব্লিউপিজিসিএল-এর ভেড়ামারাস্থ ৪১০ মে.ও. কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্র এবং পিডিবি-এর ভোলা ২২৫ মে.ও. কম্বাইন্ড সাইকেল

বিদ্যুৎকেন্দ্রে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যে উক্ত বিদ্যুৎকেন্দ্রদ্বয়ের আরএমএস-এর রুটিন রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম এসজিসিএল-এর নিজস্ব জনবলের মাধ্যমে সম্পাদন করা হয়েছে।

## ভোলা ডিআরএস রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম

এসজিসিএল-এর অধিভুক্ত ভোলা এলাকায় অবস্থিত ভোলা ডিআরএস রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়েছে।

## পাইপলাইন ও ভাল্‌ভ পিট মেরামত

এসজিসিএল-এর অধিভুক্ত এলাকায় স্থাপিত বিতরণ ও সার্ভিস পাইপলাইন এবং পাইপলাইনে অবস্থিত ভাল্‌ভপিটসমূহের বার্ষিক রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়েছে।

## ভোলাস্থ আঞ্চলিক বিপণন কার্যালয়ের পূর্ত অবকাঠামো উন্নয়ন

এসজিসিএল-এর ভোলা আবিকার অভ্যন্তরীণ রাস্তা সংস্কার, ফায়ার এলার্ম সিস্টেমসহ বজ্রপাত নিরোধক ব্যবস্থা স্থাপন কাজ সম্পাদন করা হয়েছে।

## জাতীয় রুফটপ সোলার কর্মসূচি-এর আওতায় কোম্পানির আঞ্চলিক বিতরণ কার্যালয়, ভোলায় অন-গ্রিড (নেট মিটারিং পদ্ধতি) সোলার প্যানেল স্থাপন

নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা-২০২৩ এবং জাতীয় রুফটপ সোলার কর্মসূচির অংশ হিসেবে সরকারি ভবনে সৌরবিদ্যুৎ স্থাপনের অংশ হিসেবে নেট মিটারিং নির্দেশিকা-২০২৫ (ধারা ৩.৭-ক) অনুযায়ী ওজোপাডিকো-এর প্রাথমিক অনুমতি নিয়ে এসজিসিএল-এর আবিকা, ভোলাস্থ ভবনের ছাদে ০৮ (আট) কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন রুফটপ সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে ইজিপিতে RFQ পদ্ধতিতে "Supply, Installation, Commissioning and Testing of 08 (Eight) KW On Grid Roof Top Solar system at Abika Office, Chornoabad, Bhola." শীর্ষক দরপত্র আহ্বানের মাধ্যমে কাজটি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পরবর্তীতে নেট মিটারিং-এর মাধ্যমে ওজোপাডিকো-এর স্থানীয় গ্রিড লাইনের সঙ্গে সংযোগ স্থাপনের কাজটিও সম্পন্ন হয়েছে।



কোম্পানির আঞ্চলিক বিতরণ কার্যালয়, ভোলায় অন-গ্রিড (নেট মিটারিং পদ্ধতি) সোলার প্যানেল স্থাপন

## বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কার্যক্রম

### খুলনা বিসিকে গ্যাস সরবরাহ

এসজিসিএল-এর পরিচালনা পর্ষদের ১৭৪তম সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে শিরোমণি বিসিক শিল্পনগরী, খুলনায় হ্যামকো গ্রুপের দুই সহযোগী প্রতিষ্ঠান–আব্দুল্লাহ ব্যাটারী কোং (প্রাঃ) লিঃ-এর ১টি শিল্প ও ১টি ক্যাপটিভ পাওয়ার এবং খোরশেদ মেটাল ইন্ডাস্ট্রিজ-এর ১টি শিল্প ও ১টি ক্যাপটিভ পাওয়ার শ্রেণিতে গ্যাস সরবরাহের অনুমতি প্রদানের জন্য ১৩ অক্টোবর ২০২৫ তারিখে পেট্রোবাংলায় আবেদন করা হয়। পরবর্তীতে বিষয়টি পুনর্বিবেচনার জন্য পুনরায় পত্র প্রেরণ করা হলে পেট্রোবাংলা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সম্মতির জন্য বিষয়টি প্রেরণ করে। সম্মতি প্রাপ্তি সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানসমূহে গ্যাস সরবরাহের সুযোগ সৃষ্টি হবে। তবে ১৪ জুলাই ২০২৬ তারিখের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বর্তমানে গ্যাস সংযোগ কার্যক্রম বন্ধ রয়েছে।



এসজিসিএল-এর আরএমএস রক্ষণাবেক্ষণ কার্যক্রম

### রূপসা ৮০০ মে.ও. কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্রে গ্যাস সরবরাহ

পেট্রোবাংলার নির্দেশনার পরিপ্রেক্ষিতে রূপসা ৮০০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্রের Hot Commissioning, Performance Test এবং RRT সম্পাদনের লক্ষ্যে ১ অক্টোবর ২০২৫ তারিখ থেকে কমিশনিং কার্যক্রম শুরু হয়। ১৩ ডিসেম্বর ২০২৫ তারিখে গ্যাসের মাধ্যমে বিদ্যুৎকেন্দ্রের ১ম ইউনিটের Synchronization সম্পন্ন হলেও টারবাইনসমূহ দীর্ঘদিন Standstill অবস্থায় থাকায় Shaft Bending সহ বিভিন্ন কারিগরি ত্রুটি পরিলক্ষিত হওয়ায় কমিশনিং কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি।

ইপিসি ঠিকাদারের সংশোধিত সিডিউল অনুযায়ী ১ম ও ২য় ইউনিটের কমিশনিং যথাক্রমে ৩০ জুন ২০২৬ ও ২৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখে সম্পন্ন এবং Performance Test পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় গ্যাস সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য এনডব্লিউপিজিসিএল কর্তৃক ২২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে পেট্রোবাংলার ২১ জুন ২০২৬ তারিখের পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত বিদ্যুৎকেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য স্থাপিত RMS-এর প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে মর্মে এসজিসিএল কর্তৃক একই তারিখে পেট্রোবাংলাকে অবহিত করা হয়। বর্তমানে পেট্রোবাংলার পরবর্তী নির্দেশনার অপেক্ষায় রয়েছে। এনডব্লিউপিজিসিএল কর্তৃক অক্টোবর ২০২৬ থেকে গ্যাস কমিশনিংয়ের প্রস্তাব করা হয়েছে। পেট্রোবাংলার নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

### ভোলায় প্রাণ-আরএফএল গ্রুপের ০২টি প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ

ভোলায় প্রাণ-আরএফএল গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান মাল্টিলাইন ইন্ডাস্ট্রিজ লিমিটেড ও বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড-কে শিল্প ও ক্যাপটিভ পাওয়ার শ্রেণিতে দৈনিক ৬.৮১৪ মিলিয়ন ঘনফুট গ্যাস সংযোগের জন্য নিজস্ব অর্থায়নে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের অনুমতি দেওয়া হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নং ২৮.০০.০০০০.০০০.০২৯.৫০.০০০৭.২১.৩৮৫, তারিখ: ২১/০৮/২০২৫-এর মাধ্যমে এ বিষয়ে নীতিগত অনুমোদন প্রদান করা হয়। পরবর্তীতে ১৩/১০/২০২৫ তারিখে প্রাথমিক সম্মতিপত্র এবং ১৩/১১/২০২৫ তারিখে মঞ্জুরীপত্র প্রদান করা হয়। নিরাপত্তা জামানত পরিশোধের জন্য জানুয়ারি ২০২৬-এ এবং গ্যাস বিপণন নিয়মাবলি-২০২৬ অনুযায়ী পুনরায় ০৭/০৯/২০২৬ তারিখে চাহিদাপত্র প্রদান করা হয়েছে।

## কুষ্টিয়াস্থ আঞ্চলিক বিপণন কার্যালয়ের অধীন গ্রাহকদের বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত তথ্য

এসজিসিএল-এর আওতাধীন কুষ্টিয়ার বিসিক শিল্পনগরীতে মেসার্স কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর অনুমোদিত মাসিক গ্যাস লোড অপরিবর্তিত রেখে সরঞ্জামাদি পরিবর্তন ও লোড পুনর্বিন্যাসের জন্য দাখিলকৃত নকশা অনুমোদন করা হয়েছে এবং অনুমোদিত নকশা অনুযায়ী প্রয়োজনীয় মালামাল সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। একইভাবে মেসার্স বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর অনুমোদিত মাসিক গ্যাস লোডের মধ্যে গ্যাস সরঞ্জাম স্থাপন ও ব্যবহারের জন্য দাখিলকৃত নকশা অনুমোদন করা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।

## গৃহীতব্য ভবিষ্যৎ উন্নয়ন কার্যক্রম

### এসজিসিএল-এর প্রধান কার্যালয় ভবন নির্মাণ

এসজিসিএল-এর প্রধান কার্যালয় নির্মাণের জন্য খুলনা জেলার কৃষ্ণনগর মৌজায় ৬৫.২২ শতাংশ জমি অধিগ্রহণ করা হয়েছে। প্রস্তাবিত ভবনের Architectural, Structural, Plumbing, Sanitary, Electrical I Electro-Mechanical Design, প্রাক্কলন, ফিজিবিলিটি স্টাডি এবং নির্মাণকালীন পরামর্শক ও Technical Vetting Consultant নিয়োগের বিষয়ে গঠিত কমিটির সুপারিশ কোম্পানির ১৮৬তম পর্ষদ সভায় উপস্থাপিত হয়। পর্ষদের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে এসজিসিএল-এর পত্রের ভিত্তিতে TPP-এর পরিবর্তে পিপিআর-২০২৫ অনুযায়ী EOI আহ্বানের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়ে পেট্রোবাংলা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সম্মতি চেয়ে পত্র প্রেরণ করেছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

### যশোর জেলায় রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় গ্যাস সরবরাহ

এসজিসিএল-এর আওতাধীন অভয়নগরের ভবদহ এলাকায় প্রস্তাবিত যশোর রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় (জেইপিজেড) গ্যাস সংযোগের লক্ষ্যে ৩৫ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন ডিআরএস ও প্রয়োজনীয় পাইপলাইনসহ অভ্যন্তরীণ গ্যাস নেটওয়ার্ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। পেট্রোবাংলার অনুমোদনক্রমে জিটিসিএল-এর তত্ত্বাবধানে ৩৫ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন টিবিএস এবং এসজিসিএল-এর তত্ত্বাবধানে ডিআরএস, প্রায় ৯.৭ কিমি পাইপলাইনসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণের ব্যবস্থা করা হয়। এ বাবদ প্রাক্কলিত অর্থ যশোর ইপিজেড কর্তৃক এসজিসিএল-এর অনুকূলে পরিশোধ করা হয়েছে।



পর্ষদ চেয়ারম্যান মহোদয়ের যশোর জেলায় রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় পরিদর্শন

তবে পেট্রোবাংলার ১৭ জুলাই ২০২৬ তারিখের পত্র অনুযায়ী দেশীয় গ্যাস উৎপাদন হ্রাস এবং ২টি FSRU-ভিত্তিক এলএনজি আমদানির সীমাবদ্ধতার কারণে বর্তমানে নতুন গ্যাস সংযোগ ও লোড বৃদ্ধির অনুমোদন বিবেচনা করা হচ্ছে না। এ পরিপ্রেক্ষিতে এসজিসিএল-এর ১৯০তম পর্ষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী জেইপিজেডের অর্থায়নে গ্যাস অবকাঠামো নির্মাণের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দিকনির্দেশনা চেয়ে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। দিকনির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

## গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যক্রমে বিনিয়োগের সুযোগ

কোম্পানির ভবিষ্যৎ প্রবৃদ্ধি ও কার্যক্রমের টেকসই উন্নয়নের লক্ষ্যে গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যক্রমে বিনিয়োগের সুযোগ সৃষ্টির উদ্যোগ গ্রহণ করা হবে। এর মাধ্যমে গ্যাস বিতরণ ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি, মিথেন নিঃসরণ হ্রাস, অপারেশনাল ক্ষতি কমানো এবং উদ্ভাবনী প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে সামগ্রিক কর্মক্ষমতা উন্নয়নের সম্ভাবনা সৃষ্টি হবে। কোম্পানি বিশ্বাস করে যে, এই ধরনের বিনিয়োগ দীর্ঘমেয়াদে প্রতিষ্ঠানটির কার্যকারিতা, সেবা মান এবং আর্থিক স্থিতিশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## টেকসই উন্নয়ন ও ভবিষ্যৎ অভিমুখী কার্যক্রম

টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs)-এর সঙ্গে সামঞ্জস্য রেখে এসজিসিএল ভবিষ্যতে নিরাপদ, দক্ষ, পরিবেশবান্ধব ও প্রযুক্তিনির্ভর গ্যাস বিতরণ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে পরিকল্পিত ও উদ্ভাবনমুখী কার্যক্রম জোরদার করবে। জ্বালানি দক্ষতা বৃদ্ধি, মিথেন নিঃসরণ ও অপারেশনাল ক্ষতি হ্রাস, নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার সম্প্রসারণ এবং আধুনিক ও স্মার্ট প্রযুক্তির প্রয়োগের মাধ্যমে কোম্পানির পরিবেশগত প্রভাব ক্রমান্বয়ে হ্রাসের উদ্যোগ গ্রহণ করা হবে। একই সঙ্গে ডিজিটাল রূপান্তর, গবেষণা ও উদ্ভাবন এবং মানবসম্পদের সক্ষমতা উন্নয়নের মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও গ্রাহকসেবার মান আরও উন্নত করার প্রয়াস অব্যাহত থাকবে। এসব উদ্যোগ বিশেষভাবে অভীষ্ট ৭ (সাশ্রয়ী ও পরিচ্ছন্ন জ্বালানি), অভীষ্ট ৯ (শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো), অভীষ্ট ১২ (দায়িত্বশীল ভোগ ও উৎপাদন) এবং অভীষ্ট ১৩ (জলবায়ু কার্যক্রম) অর্জনে কোম্পানির অবদানকে আরও সুসংহত করবে। দীর্ঘমেয়াদে অর্থনৈতিক সক্ষমতা, পরিবেশগত দায়বদ্ধতা ও উন্নত সেবার সমন্বয়ে এসজিসিএলকে একটি স্মার্ট, গ্রিন ও টেকসই গ্যাস বিতরণ কোম্পানি হিসেবে গড়ে তোলাই হবে কোম্পানির ভবিষ্যৎ কার্যক্রমের অন্যতম অগ্রাধিকার।

## অপারেশনাল কার্যক্রম

ভোলা এলাকায় বিতরণ নেটওয়ার্কে অবস্থিত আবাসিক শ্রেণির গ্রাহকের রাইজারসমূহে পোর্টেবল গ্যাস ডিটেক্টরের মাধ্যমে গ্যাস লিকেজ/ছিদ্র শনাক্তকরণ এবং তা তাৎক্ষণিকভাবে মেরামতকরণের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক নিয়মিত গ্রাহকের আঙিনা পরিদর্শনপূর্বক গ্যাস লিকেজ/ছিদ্র শনাক্তকরণ এবং তা মেরামত করা হচ্ছে।

## জনবল, মানবসম্পদ উন্নয়ন ও গ্রাহকসেবা কার্যক্রম

### জনবল

কোম্পানির বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে ২১৭ জন কর্মকর্তা ও ২৮ জন কর্মচারীর সংস্থান রয়েছে। তন্মধ্যে, ২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানির স্থায়ী পদের বিপরীতে ৯৩ জন ও প্রেষণে ০৭ জনসহ মোট ১০০ জন কর্মকর্তা এবং কোম্পানির ১৪ জন ও প্রেষণে ০১ জনসহ মোট ১৫ জন কর্মচারী নিয়োজিত ছিলেন। এছাড়া, কোম্পানিতে আউটসোর্সিং ভিত্তিতে ১৪৭ জন, দৈনিক ভিত্তিতে ০৮ জন ও দৈনিক হাজিরা ভিত্তিতে ০২ জন নিয়োজিত ছিলেন। অপরদিকে, কোম্পানির স্থায়ী কর্মকর্তাগণের মধ্যে ০১ জন উর্ধ্বতন মহাব্যবস্থাপক পদমর্যাদার কর্মকর্তা কেজিডিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক পদে কর্মরত রয়েছেন এবং ০২ জন উপব্যবস্থাপক পদমর্যাদার কর্মকর্তা পেট্রোবাংলায় সংযুক্তিতে কর্মরত রয়েছেন।

## নিয়োগ

পেট্রোবাংলার মাধ্যমে কেন্দ্রীয়ভাবে বিভিন্ন পদে ৪২ জন কর্মকর্তা নিয়োগের কার্যক্রমের অংশ হিসেবে ১ম মেধা তালিকা থেকে ৩০ জনের অনুকূলে নিয়োগপত্র জারি করা হয়। এর মধ্যে নিয়োগপত্রের শর্তানুযায়ী ২৩ নভেম্বর ২০২৫ তারিখে ২৭ জন যোগদান করেন। যোগদানকারীদের মধ্যে প্রশাসন ক্যাডারে সহকারী ব্যবস্থাপক ৩ জন ও সহকারী সমন্বয় কর্মকর্তা ২ জন; অর্থ ক্যাডারে সহকারী ব্যবস্থাপক ৫ জন ও সহকারী কর্মকর্তা ৭ জন এবং কারিগরি ক্যাডারে সহকারী প্রকৌশলী ৫ জন ও উপসহকারী প্রকৌশলী ৫ জন রয়েছেন।

এছাড়া অপেক্ষমাণ প্যানেল থেকে সাময়িকভাবে সুপারিশপ্রাপ্ত ও প্রাক-জীবন বৃত্তান্ত দাখিলকারী ১৪ জনের মধ্যে স্বাস্থ্যগত উপযুক্ততার প্রত্যয়নপত্র দাখিলকারী ১১ জনের অনুকূলে নিয়োগপত্র জারি করা হয়। এর মধ্যে প্রশাসন ক্যাডারের সহকারী সমন্বয় কর্মকর্তা ১ জন, কারিগরি ক্যাডারের সহকারী প্রকৌশলী ২ জন এবং উপসহকারী প্রকৌশলী ৭ জনসহ মোট ১০ জন ১ জুলাই ২০২৬ তারিখে যোগদান করেছেন।

## পদোন্নতি

২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানির বিভিন্ন ক্যাডারের বিভিন্ন গ্রেডের মোট ১৬ (ষোল) জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে। তন্মধ্যে, পেট্রোবাংলার মাধ্যমে কারিগরি ক্যাডারের ০১ (এক) জন কর্মকর্তাকে ৩য় গ্রেড থেকে ২য় গ্রেডে (উর্ধ্বতন মহাব্যবস্থাপক পদমর্যাদায়) পদোন্নতি প্রদান করা হয়েছে। এসজিসিএল কর্তৃক প্রশাসন ক্যাডারের ০১ (এক) জন কর্মকর্তাকে ৪র্থ গ্রেড থেকে ৩য় গ্রেডে (মহাব্যবস্থাপক পদমর্যাদায়) এবং প্রশাসন ক্যাডারের ০১ (এক) জন কর্মকর্তাকে ৫ম গ্রেড থেকে ৪র্থ গ্রেডে (উপমহাব্যবস্থাপক পদমর্যাদায়) পদোন্নতি প্রদান করা হয়েছে। এছাড়াও, প্রশাসন ক্যাডারের ০৪ (চার) জন, অর্থ ক্যাডারের ০১ (এক) জন এবং কারিগরি ক্যাডারের ০৪ (চার) জনসহ মোট ০৯ (নয়) জন কর্মকর্তাকে ৯ম গ্রেড থেকে ৬ষ্ঠ গ্রেডে (উপব্যবস্থাপক পদমর্যাদায়) ও কারিগরি ক্যাডারের ০৪ (চার) জন কর্মকর্তাকে ১০ম গ্রেড থেকে ৯ম গ্রেডে (সহকারী প্রকৌশলী পদমর্যাদায়) পদোন্নতি প্রদান করা হয়েছে।

## প্রশিক্ষণ

### স্থানীয় প্রশিক্ষণ

স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ২০২৫-২০২৬ অর্থবছরে দেশের অভ্যন্তরে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের পেট্রোবাংলা, জ্বাখসবি, অর্থ বিভাগ, বিপিআই, বিআইএম, বিইআরসি, আইসিএমএবি, A2i, ইন্সটিটিউট অব পাবলিক ফাইন্যান্স, এনএপিডি, লেজিসলেটিভ প্রশিক্ষণ ও গবেষণা ইনস্টিটিউট, স্রেডাসহ অন্যান্য প্রতিষ্ঠানের মাধ্যমে বিভিন্ন শিরোনামে সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণ/বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, বিভিন্ন বিষয়ে ইনহাউজ প্রশিক্ষণ/কর্মশালা/শিখন সেশন আয়োজন করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরে দেশের অভ্যন্তরে সশরীরে ও অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত মোট ৬৩টি সেমিনার/ওয়ার্কশপ/শিখন সেশন/প্রশিক্ষণে কোম্পানি থেকে মোট ৩০৯ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। তন্মধ্যে ১৬ জন কর্মকর্তাকে বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### বৈদেশিক প্রশিক্ষণ

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের নির্দেশনার আলোকে ২০২৫-২০২৬ অর্থবছরে অত্র কোম্পানি থেকে কোনো কর্মকর্তাকে বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণ করা হয়নি।

## সামাজিক কার্যক্রম

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) সামাজিক দায়বদ্ধতা নীতিমালা, ২০১৯ অনুসরণ করে রাজস্ব বাজেটের আওতায় সিএসআর কার্যক্রম পরিচালনা করে আসছে। ২০২৫-২০২৬ অর্থবছরে সিএসআর খাতে ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা বরাদ্দ ছিল, যার আওতায় ১১ জন ব্যক্তি ও ১টি প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী ও ক্রীড়া প্রতিষ্ঠানসমূহের প্রকাশনা ও ক্রোড়পত্রে বিজ্ঞাপন/আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে কোম্পানি সামাজিক উন্নয়নে অবদান রাখছে।

## স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত ভারসাম্য সংরক্ষণ

### নিরাপত্তা ব্যবস্থা



এসজিসিএল-এর প্রধান কার্যালয়ে অগ্নি নির্বাপন মহড়া

এসজিসিএল-এর গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আউটসোর্সিংয়ের মাধ্যমে নিয়োজিত নিরাপত্তাকর্মীদের দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করা হচ্ছে। প্রধান কার্যালয়, ঢাকা লিয়াঁজো অফিস, ভোলাস্থ আঞ্চলিক বিপণন কার্যালয়, ভেড়ামারা ৪১০ মে.ও. আরএমএস, নওয়াপাড়ার বেঙ্গল টেক্সটাইল মিলস-এর ভাড়াকৃত গুদামসমূহ, আফিল গেইট পাইপ ইয়ার্ড ও খুলনাস্থ রেস্ট হাউজে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। পাশাপাশি, বিভিন্ন স্থাপনায় জরুরি অগ্নিনির্বাপণের জন্য ফায়ার এক্সটিংগুইশার স্থাপন করা হয়েছে।

## পরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম

Environment and Safety বিষয়ক বিধি-বিধান মেনে কোম্পানির অপারেশনাল ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা করা হচ্ছে। কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধির প্রয়াস অব্যাহত আছে। প্রযোজ্য ক্ষেত্রে নিরাপদ কাজের নীতি মেনে চলায় ২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানিতে পরিবেশগত ও অপারেশনাল কোনো দুর্ঘটনা ঘটেনি। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে পরিবেশ অধিদপ্তর থেকে পরিবেশগত ছাড়পত্র সংগ্রহ করা হয় এবং ছাড়পত্রের শর্তাবলি মেনে চলা হয়। পরিবেশের ভারসাম্য রক্ষার্থে কোম্পানির আওতাধীন আঞ্চলিক বিপণন কার্যালয়ে বিভিন্ন ধরনের গাছের চারা রোপণ এবং তাদের পরিচর্যা অব্যাহত আছে।

## জাতীয় দিবস উদযাপন

এসজিসিএল কর্তৃক মহান বিজয় দিবস ২০২৫, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬, মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৬, জুলাই শহিদ দিবস এবং জুলাই গণ-অভ্যুত্থান দিবস ২০২৬ যথাযথ মর্যাদা ও সরকারি নির্দেশনা অনুযায়ী পালন করা হয়। এ উপলক্ষে প্রধান কার্যালয় ও আঞ্চলিক বিপণন কার্যালয়সমূহে জাতীয় পতাকা উত্তোলন, শহিদ স্মৃতিসৌধ/শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, দোয়া ও আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি পালন করা হয় এবং স্থানীয় প্রশাসনের কর্মসূচিতে অংশগ্রহণ করা হয়। এসব কর্মসূচি কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দেশপ্রেম, জাতীয় চেতনা ও মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রাখতে ভূমিকা রাখে।



আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহিদদের প্রতি পুষ্পস্তবক অর্পণ

## কল্যাণমূলক কার্যক্রম

### সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

এ পর্যায়ে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের জন্য গৃহীত কল্যাণমূলক কার্যক্রমের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। কর্মকর্তা-কর্মচারীদের কল্যাণে গৃহনির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ, মোটরসাইকেল ক্রয় ঋণ, কল্যাণ তহবিল এবং গোষ্ঠীবীমা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, অবসর গ্রহণকারী কর্মকর্তাদের জন্য আনুতোষিক তহবিল ট্রাস্ট গঠন করা হয়েছে। এসব উদ্যোগ কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্পৃহা, দায়িত্ববোধ ও কার্যসম্পাদনের সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখছে।



এতিম শিশুদের মাঝে খাদ্য বিতরণ

## ভবিষ্যৎ চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়

### চ্যালেঞ্জ ১: এসজিসিএল-এর ভাণ্ডারে রক্ষিত পাইপলাইন ও ফিটিংস ব্যবহারকরণ এবং বিপুল পরিমাণ ঋণ পরিশোধ:

এসজিসিএল-এর আওতাধীন দক্ষিণ-পশ্চিমাঞ্চল গ্যাস বিতরণ নেটওয়ার্ক প্রকল্পের মাধ্যমে বিভিন্ন ব্যাসের প্রায় ৮৬৫ কিমি লাইনপাইপ, বিভিন্ন মালামাল ও ফিটিংস ক্রয় করা হয়েছে, যার মধ্যে বর্তমানে প্রায় ৪০৩ কিমি লাইনপাইপ ও বিভিন্ন মালামাল অব্যবহৃত অবস্থায় রয়েছে। বর্ণিত প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্ত ঘোষণা করায় উক্ত মালামাল ব্যবহৃত হয়নি এবং কোনো আয়ের উৎস সৃষ্টি হয়নি বরং এই প্রকল্পের বিপরীতে বর্তমানে এসজিসিএল-এর ঋণের পরিমাণ সুদসহ প্রায় ৫০১.৫০ কোটি টাকা (আসল ৩১২.৪৬ কোটি ও সুদ ১৮৯.০৪ কোটি), যা পরিশোধ করা এসজিসিএল-এর জন্য একটি বড় চ্যালেঞ্জ। বিভিন্ন সময় সুদসহ ঋণ মওকুফের জন্য পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

### চ্যালেঞ্জ ২: এসজিসিএল-এর উপর সম্ভাব্য Liquidated Damages (LD) আরোপিত হওয়া

এসজিসিএল ও এনডব্লিউপিজিসিএল-এর মধ্যে ২৮/০৩/২০২৪ তারিখে স্বাক্ষরিত GSA-এর Article ২.৪ অনুযায়ী ১ জানুয়ারি ২০২৭ থেকে

রূপসা ৮০০ মেগাওয়াট সিসিপিপি-তে গ্যাস সরবরাহের বাধ্যবাধকতা রয়েছে এবং সরবরাহ ব্যর্থ হলে Article ৫.৯ অনুযায়ী এসজিসিএল-এর ওপর Liquidated Damages (LD) আরোপের বিধান রয়েছে। এ পরিপ্রেক্ষিতে এসজিসিএল-এর ১৮৮তম পর্ষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী GSA বাতিল করে গ্যাস প্রাপ্তি সাপেক্ষে নতুন GSA সম্পাদনের প্রস্তাব ২৪/০৬/২০২৬ তারিখে এনডব্লিউপিজিসিএলকে জানানো হয়। এনডব্লিউপিজিসিএল ০১/০৯/২০২৬ তারিখে GSA-এর Article ১২.২ অনুযায়ী Termination গ্রহণযোগ্য নয় মর্মে জানায় এবং গ্যাস সোর্স নিশ্চিত না হওয়া পর্যন্ত LD আরোপ না করে পরবর্তীতে LD আরোপের বিধান অন্তর্ভুক্তির লক্ষ্যে চুক্তি সংশোধনে বিদ্যুৎ বিভাগের নির্দেশনা গ্রহণের কথা জানায়। এসজিসিএল গ্যাস উৎপাদন বা সঞ্চালনকারী প্রতিষ্ঠান নয়; পেট্রোবাংলার বরাদ্দের ভিত্তিতে গ্রাহকদের গ্যাস সরবরাহ করে। অতএব, এসজিসিএল-এর নিয়ন্ত্রণবহির্ভূত কারণে গ্যাস সরবরাহ ব্যাহত হলে LD আরোপ না হওয়ার বিষয়টি নিশ্চিত করতে GSA-এর Article ৫.৯ সহ সংশ্লিষ্ট ধারাসমূহ সংশোধন করা প্রয়োজন।

## চ্যালেঞ্জ ৩: গ্যাস সরবরাহ সংক্রান্ত

এসজিসিএল কর্তৃক প্রায় ৯৫ শতাংশ গ্যাস বিদ্যুৎকেন্দ্রসমূহে সরবরাহ করা হয়ে থাকে। কোনো কারণে পাওয়ার প্ল্যান্ট বন্ধ/Shut down হলে কোম্পানির রাজস্ব আয়ে ব্যাপক প্রভাব পড়ে। বর্তমানে ভেড়ামারা ৪১০ মে.ও. বিদ্যুৎকেন্দ্র বন্ধ থাকার কারণে রাজস্ব আয় উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। সেক্ষেত্রে ভেড়ামারা ৪১০ মে.ও. বিদ্যুৎকেন্দ্রে গ্যাস সরবরাহসহ ভোলা এবং দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বিসিক ও অন্যান্য পরিকল্পিত শিল্প অঞ্চলে বিদ্যমান/প্রস্তাবিত নতুন শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সংযোগ কার্যক্রম অব্যাহত রাখা হলে কোম্পানির রাজস্ব আয়ের সুযোগ সৃষ্টি হবে।

## চ্যালেঞ্জ ৪: বিদ্যুৎ গ্রাহকের নিকট গ্যাস বিল বাবদ বকেয়া বৃদ্ধি পাওয়ায় কোম্পানির তারল্য সংকট সৃষ্টি

বর্তমানে বিদ্যুৎ শ্রেণির গ্রাহকদের নিকট বকেয়া বিলের পরিমাণ ১৬৬৫.৭৭ কোটি টাকা। বিপুল পরিমাণ বকেয়া বিলের কারণে এসজিসিএল বর্তমানে গুরুতর তারল্য সংকটের সম্মুখীন হচ্ছে। বকেয়া বিল আদায়ের লক্ষ্যে বিদ্যুৎ গ্রাহকদের সঙ্গে নিয়মিত যোগাযোগের উদ্যোগ নেওয়া হয়েছে, পাশাপাশি পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে বৈঠকের আয়োজন করা হয়েছে। এ প্রচেষ্টা অব্যাহত থাকলে নিয়মিত বকেয়া আদায় নিশ্চিত করে কোম্পানির তারল্য সংকট দূর করা সম্ভব হবে।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর সার্বিক কার্যক্রম ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহযোগিতার জন্য পরিচালনা পর্ষদের পক্ষ থেকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহ, উন্নয়ন সহযোগী সংস্থা এবং সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একই সঙ্গে কোম্পানির সার্বিক উন্নয়নে অবদান রাখার জন্য এসজিসিএল-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর ১৭তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থেকে ধৈর্যসহকারে ২০২৫-২০২৬ অর্থবছরে কোম্পানির সার্বিক কার্যক্রমের ওপর প্রণীত পরিচালকমণ্ডলীর প্রতিবেদন শোনার জন্য উপস্থিত সবাইকে পুনরায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। এ পর্যায়ে কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের নিরীক্ষিত হিসাব, নিরীক্ষা প্রতিবেদন এবং পরিচালকমণ্ডলীর প্রতিবেদন বিবেচনা ও গ্রহণের জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণের নিকট উপস্থাপন করছি।

পরিশেষে আমি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য কামনা করছি। মহান আল্লাহ রাব্বুল আলামিন আমাদের সহায় হোন।

**(মোহাম্মদ শাহ আলম)**
চেয়ারম্যান
এসজিসিএল পরিচালনা পর্ষদ

# BOARD OF DIRECTORS' REPORT

Bismillahir Rahmanir Rahim

## Honourable Shareholders,

Assalamu Alaikum.

At the outset of presenting the Directors' Report prepared on the overall activities of Sundarban Gas Company Limited (SGCL) for the fiscal year 2025-2026 at the 17th Annual General Meeting, on behalf of the Board of Directors, I extend a sincere welcome to all of you.

## Respected Shareholders,

Natural gas plays a significant role in sustaining the country's economic growth. Natural gas is one of the primary driving forces of the country's economic activities across various sectors, including industry, power and commerce. With a view to accelerating industrialization and economic development through the proper, efficient and appropriate use of this valuable natural resource, an initiative was taken to establish a separate gas distribution company to meet the growing demand of gas in the south-western region of the country. In continuation of this, Sundarban Gas Company Limited (SGCL) commenced its journey on 23 November 2009, covering a total of 21 districts including all districts of Khulna and Barishal divisions, as well as Faridpur, Gopalganj, Madaripur, Shariatpur, and Rajbari districts of Dhaka division.

Constructing gas distribution pipelines in the operational area, providing gas connection to customers and rendering post-connection services are among the primary responsibilities of this company. The authorized capital of the company is BDT 300 (three hundred) crore, of which the currently paid-up capital is BDT 100 (one hundred) crore. With a face value of BDT 100 (one hundred) per share, the total number of shares is 1 (one) crore. As Subscribers in the Company's Memorandum and Articles of Association, a total of 7 (seven) shares are held in the names of the Chairman, Directors and Secretary of Petrobangla and the remaining 99,99,993 (ninety-nine lakh ninety-nine thousand nine hundred ninety-three) shares are allotted in the name of the Chairman representing Petrobangla.

I am pleased to announce that in the fiscal year 2025-2026, the total revenue earned by the company, including gas sales in various sectors and other operational income, stands at BDT 1727.61 crore and the expenditure is BDT 1470.36 crore. During the said fiscal year, the company was able to achieve a profit before tax of BDT 270.53 crore. From the earned profit, a total of BDT 90.12 crore, including BDT 20.00 crore on account of dividend and BDT 70.12 crore on account of income tax, has been deposited into the Government treasury. In addition, BDT 81.06 crore on account of income tax deducted at source from suppliers' bills and BDT 1.25 crore



SGCL's 16th Annual General Meeting

on account of VAT have been deposited into the government treasury. Through the efficient and proper management of the company authorities, alongside achieving continuous progress in marketing and revenue activities, SGCL has been playing an important and positive role in the socio-economic development of the country through its overall operations and this trend of success will continue in the future as well.

## Respected Shareholders,

Now I am presenting the Board of Directors' report on the company's marketing, financial, and operational activities for the 2025-2026 fiscal year for your kind information.

## Marketing activities
## Customer connections

In light of government directives, new gas connections and load increases in the residential category have been suspended since January 15, 2020. Furthermore, due to the declining production trend in domestic gas fields and limitations in importing LNG based on two FSRUs, as per the directives of the Energy and Mineral Resources Division, the matter of new gas connections is currently not being considered for any distribution company. As activities for new gas connections and load increases for all categories of customers across all distribution companies under Petrobangla remain suspended, no new gas connections were provided in SGCL's operational area during the 2025-2026 fiscal year. Currently, gas is being supplied to a total of 2,394 customers across power, industrial, captive power, industrial (Bhola's non-piped gas), captive power (Bhola's non-piped gas), commercial, and residential categories in the areas under the company's regional distribution offices in Bhola and Kushtia.

## Purchase of gas

During the 2025-2026 fiscal year, the company purchased a total of 1,099.15 million cubic meters of gas against a purchase target of 1,203.00 million cubic meters. Of the total gas purchased, 708.72 million cubic meters were supplied by the Shahbazpur Gas Field, owned by the state-owned BAPEX located in Bhola, while the remaining 390.43 million cubic meters were received from the national gas grid.

## Gas Sales

Distinguished Shareholders, during the financial year 2025-2026, Sundarban Gas Company Limited supplied gas to Power, Industry, Captive, Commercial, Domestic and Industrial & Captive (Non Pipe Bhola) customers through Bhola transmission and distribution network and to industrial & captive customers of regional distribution office, Kushtia and Bheramara 410 MW Power Plant from national grid. A comparative description of gas sales and sales revenue of the company for the financial year 2025-2026 and 2024-2025 is stated below:

| Customer category | 2025-2026 | | 2024-2025 | |
|---|---|---|---|---|
| | (Amount) (MMCM) | Sales Price (Lac Taka) | (Amount) (MMCM) | Sales Price (Lac Taka) |
| Power | 1053.668 | 163318.546 | 1025.010 | 158876.622 |
| Industry | 27.426 | 8227.919 | 25.557 | 7667.045 |
| Captive | 15.945 | 5022.769 | 14.492 | 4564.883 |
| Commercial (Hotel & Restaurant) | 0.002 | 0.476 | 0.024 | 7.381 |
| Domestic | 4.778 | 860.481 | 4.790 | 862.202 |
| Industry (Non Pipe Bhola) | 5.283 | 898.161 | 7.196 | 1223.340 |
| Captive (Non Pipe Bhola) | 0.891 | 151.470 | 0.645 | 109.700 |
| **Total=** | **1107.993** | **178479.822** | **1077.714** | **173311.173** |

## Other Operational Income

In the FY 2025-26, total other operational income of the company amounted to 17,367.967 Lac Tk from connection Fee, commissioning Fee, surcharge, meter rent, demand charge & higher heating value. In the FY 2024-25, total other operational income of the company was 16,673.995 Lac Tk.

## Gas disconnection and reconnection activities

Gas connections exist in the residential, commercial, industrial, captive power, industrial (Bhola's non-piped gas), captive power (Bhola's non-piped gas) and power categories in the Bhola district under Sundarban Gas Company Limited. In accordance with Petrobangla's directives, the vigilance and task force teams formed at the company level regularly inspect customer premises to prevent and monitor gas tampering and illegal gas connections. During inspections, if information regarding illegal pipeline construction, unauthorized gas connections or gas tampering is found, immediate action is taken in accordance with the "Gas Marketing Rules, 2026" and the "Bangladesh Gas Act, 2010". Furthermore, in cases where authorized consumers use gas for unapproved purposes, use unauthorized appliances/burners or have overdue bills, gas connections are temporarily disconnected where applicable.

During the inspection of customer premises by the company-level vigilance team and task force team, the gas connection of 01 (one) industrial category customer was first temporarily disconnected (in the 2024-25 fiscal year) and later permanently disconnected (in the 2025-2026 fiscal year) due to bill arrears. Additionally, gas connections of a total of 12 (twelve) customers have been temporarily disconnected, including 5 (five) residential legal consumers due to gas bill arrears, 2 (two) for using gas appliances beyond approval, 4 (four) for using gas for different purposes and 1 (one) for installing a GI line outside the design. No illegal gas connections or unauthorized pipelines were observed during the inspection. Reconnection was provided to disconnected customers for illegal activities by legitimate consumers after collecting disconnection fees, additional bills, fines, reconnection fees, etc., in accordance with the Gas Marketing Rules.

## Financial and revenue activities

At this juncture, I am presenting the detailed breakdown of the company's financial and revenue activities for the fiscal year 2025-2026 for your information and consideration.

## Wheeling charge

In the 2025-2026 fiscal year, the expense incurred on account of wheeling charges for 390.428 million cubic metres of gas supplied to the SGCL network through GTCL's gas transmission pipeline amounted to Tk 39.82 crore. In the previous fiscal year, the amount was Tk 36.91 crore. This year, due to a higher supply of gas from the national grid compared to the previous year, the amount of wheeling charges has increased.

## Gas Development Fund

The Gas Development Fund (GDF) was formed on August 1, 2009, with the objective of increasing reserves/production by companies engaged in gas exploration and production. Expenditure in this sector for the fiscal year 2025-2026 is Tk 19.97 crore. In the previous fiscal year, the amount was Tk 19.36 crore. Due to higher gas purchases this year compared to the previous year, expenditure in the Gas Development Fund sector has increased.

## Energy Security Fund

The "Energy Security Fund" was formed in the public interest through a "Energy Security Fund" adjustment of Tk 1.01 per cubic metre (weighted average) on the asset value of gas in the re-fixed gas tariff effective from September 1, 2015, by the Bangladesh Energy Regulatory Commission. Expenditure in this fund for the fiscal

year 2025–2026 is Tk 22.27 crore. In the previous fiscal year, the amount was Tk 21.59 crore. Due to a higher volume of gas purchases this year, expenditure in the Fuel Security Fund sector has increased.

## LNG charge

In the context of the progressively declining production of domestic gas and the continuous increase in gas demand, an amount of Tk 814.48 crore has been incurred as LNG operational charges—determined by BERC for the fiscal year 2025-2026—to cover the expenses of imported LNG, effective from August 18, 2018. In the previous fiscal year, the amount was Tk 784.30 crore. Due to higher gas purchases this year compared to the previous year, the expenditure in the LNG charge sector has increased.

## Petrobangla charge

An amount of Tk 7.51 crore has been incurred as Petrobangla charges, determined by BERC for the fiscal year 2025-2026 against meeting the expenses of imported LNG. In the previous fiscal year, the amount was Tk 7.27 crore. Due to a higher volume of gas purchases this year, expenditure in the Petrobangla charge sector has increased.

## Profit before tax

In the fiscal year 2025-2026, the company's profit before tax stood at Tk 270.53 crore. In the previous fiscal year, the amount was Tk 253.46 crore. That is, in the reporting fiscal year, the profit before tax increased by Tk 17.07 crore or 6.73%. Due to an increase in gas sales this year compared to the previous year, the profit before tax has also increased.

The company's fiscal year-wise profit calculations are presented below:

## Statement of profit by fiscal year:

**(in crore)**

| Financial year | Gas Sales Volume (mmcm) | Gas Sales (TK) | Gas Purchase Volume (MMCM) | Purchase of Gas (TK) | Gross profit | Operational and other income | Administrative and other expenses | Profit before tax | Income tax | Profit after tax |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 2013-14 | 21.31 | 6.21 | 20.85 | 4.9 | 1.31 | 2.88 | 3.56 | 0.63 | 0.22 | 0.41 |
| 2014-15 | 90.91 | 26.29 | 90.91 | 21.19 | 5.10 | 5.15 | 4.72 | 5.53 | 1.94 | 3.59 |
| 2015-16 | 294.57 | 84.45 | 294.54 | 71.28 | 13.17 | 3.10 | 6.92 | 9.35 | 3.27 | 6.08 |
| 2016-17 | 347.48 | 104.27 | 347.48 | 90.22 | 14.05 | 5.81 | 13.88 | 5.98 | 2.09 | 3.89 |
| 2017-18 | 768.46 | 247.00 | 766.48 | 217.14 | 29.86 | 19.84 | 16.38 | 33.32 | 11.66 | 21.66 |
| 2018-19 | 979.87 | 317.95 | 971.65 | 268.86 | 49.09 | 34.19 | 21.91 | 61.37 | 21.48 | 39.89 |
| 2019-20 | 956.04 | 442.34 | 935.83 | 389.18 | 53.16 | 64.4 | 37.06 | 80.50 | 26.16 | 54.34 |
| 2020-21 | 952.51 | 443.47 | 941.84 | 396.93 | 46.54 | 78.48 | 39.97 | 85.05 | 25.51 | 59.54 |
| 2021-22 | 1033.87 | 494.63 | 1029.54 | 439.85 | 54.78 | 93.51 | 45.65 | 102.64 | 28.25 | 74.39 |
| 2022-23 | 915.72 | 836.89 | 907.84 | 786.33 | 50.56 | 92.20 | 47.12 | 95.64 | 26.30 | 69.34 |
| 2023-24 | 900.96 | 1378.88 | 889.02 | 1264.18 | 114.70 | 128.26 | 128.58 | 114.38 | 28.58 | 85.80 |
| 2024-25 | 1077.714 | 1733.11 | 1064.727 | 1614.00 | 119.11 | 201.82 | 67.45 | 253.45 | 63.37 | 190.08 |
| 2025-26 | 1107.993 | 1784.79 | 1099.146 | 1671.03 | 113.76 | 215.76 | 58.99 | 270.53 | 67.59 | 202.94 |

## Account Receivable & Outstanding Gas Bill Statement

The amount of Account Receivable as on 30 June 2026 is Tk 1,68,950.40 Lac. Since the sales for June 2026 were invoiced in July 2026, the said amount was included in the accounts receivable as of June 30, 2026 but has been excluded from the calculation of overdue gas bills. As of June 30, 2026, the amount of overdue gas bills is Tk. 1,57,921.31 lakh, which is equivalent to 9.17 months of average billing. Category wise receivable is shown below:

| Sl.no | Customer Category | Account Receivable As on 30 June 2025 (Lac Tk) | Outstanding Gas Bill as on 30 June 2025 Excluding (Sales Amount of June 2025) (Lac Tk) | Average Monthly Sales (Lac Tk) | Equivalent Month |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 = (4/5) |
| 1 | **Power** | | | | |
| | Government | 106885.07 | 102368.80 | 10311.93 | 9.93 |
| | Non- Government | 59692.05 | 54434.85 | 5632.34 | 9.66 |
| 2 | **Captive Power** | | | | |
| | Government | 3.76 | 1.12 | 0.96 | 1.16 |
| | Non- Government | 434.55 | - | 406.58 | - |
| 3 | **Industry** | | | | |
| | Government | - | - | - | - |
| | Non- Government | 969.00 | 257.18 | 682.31 | 0.38 |
| 4 | **Commercial** | | | | |
| | Government | - | - | - | - |
| | Non- Government | 0.080 | 0.073 | 0.007 | 10.86 |
| 5 | **Domestic** | | | | |
| | Government | 12.67 | 9.94 | 2.33 | 4.27 |
| | Non- Government | 92.22 | 23.09 | 69.20 | 0.33 |
| 6 | **Industry (Non Pipe Bhola)** | | | | |
| | Non- Government | 731.83 | 701.33 | 100.19 | 7.00 |
| 7 | **Captive (Non Pipe Bhola)** | | | | |
| | Non- Government | 129.12 | 124.88 | 17.84 | 7.00 |

Total Account Receivable & Outstanding Gas Bill as on 30th June 2026: (Lac Tk)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 8 | Total Government | 106901.50 | 102379.86 | 10315.22 | 9.93 |
| 9 | Total Non- Government | 62048.90 | 55541.45 | 6908.46 | 8.04 |
| 10 | **Total Government & Non- Government (8+9)** | **168950.40** | **157921.31** | **17223.68** | **9.17** |

